

লাভ-ক্ষতি

টপিকভিত্তিক জব সলিউশন

১০ম থেকে ৪৪তম বিসিএস
প্রাথমিক বিদ্যালয় শিক্ষক
নিয়োগ পরীক্ষার প্রশ্ন

লাভ-ক্ষতি

০১. একজন চা ব্যবসায়ী এক বাস্র চা পাতা কেজি প্রতি ৮০ টাকা হিসাবে ক্রয় করেন। সব চা পাতা কেজি প্রতি ৭৫ টাকা দরে বিক্রয় করায় ৫০০ টাকা ক্ষতি হয়। তিনি কত কেজি চা পাতা ক্রয় করেছিলেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দাজল) : ২০১৩]
- ক. ৫০ কেজি খ. ৬০ কেজি গ. ৭০ কেজি ঘ. ১০০ কেজি উত্তর: ঘ

সমাধান:

৮০-৭৫ = ৫ টাকা ক্ষতি হলে চা কিনেছিল = ১ কেজি। \therefore ৫০০ টাকা ক্ষতি হলে চা কিনেছিল ১০০ কেজি।

$$\frac{৫০০}{৫} = ১০০ \text{ কেজি। (উত্তর)}$$

কোন দ্রব্যে ২৫% লাভ হলে, ক্রয়মূল্য ১০০% এবং লাভের ২৫% ক্রয়মূল্যের সাথে যুক্ত হয়ে তা বিক্রয়মূল্য হয়ে যায়। এক্ষেত্রে বিক্রয়মূল্য $১০০\% + ২৫\% = ১২৫\%$ ।

আবার: ২৫% ক্ষতি হলে, বিক্রয়মূল্য ৭৫% হয় কিন্তু ক্রয়মূল্য ১০০% ই থাকে।

অর্থাৎ লাভ-ক্ষতির অংকে ক্রয়মূল্য সব সময় ১০০%।

সবসময় ক্রয়মূল্যের উপর লাভ অথবা ক্ষতি হিসেব করতে হবে

০২. একটি টুপি ৭০ টাকায় বিক্রয় করায় যত লাভ হয় ৩০ টাকায় বিক্রয় করলে তার তিনগুণ ক্ষতি হয়। টুপিটির ক্রয়মূল্য কত?
ক. ৫০ টাকা খ. ৬০ টাকা গ. ৭০ টাকা ঘ. ৭৫ টাকা উত্তর: খ

সমাধান:

$$\text{এখানে } \frac{৭০ - ৩০}{৩ + ১} = \frac{৪০}{৪} = ১০ \text{ হচ্ছে একগুণের মান।}$$

এখন ৭০ টাকায় বিক্রি করলে যত লাভ হয় কথাটির অর্থ হলো ১ গুণ লাভ হয়।
তাই ৭০ থেকে ১০ বিয়োগ করে দিলেই উত্তর ৬০ হবে যা টুপিটির ক্রয়মূল্য।

লিখিত সমাধান:

ধরি, ৭০ টাকায় বিক্রি করলে লাভ হয় ক টাকা। সুতরাং ৩০ টাকায় বিক্রি করলে ক্ষতি হয় = ৩ক টাকা।

প্রশ্নমতে,

$$৭০ - ক = ৩০ + ৩ক \text{ (উভয় পাশে ক্রয়মূল্য যা সমান সমান)}$$

$$\text{বা, } ৪ক = ৪০ \therefore ক = ১০ \text{। সুতরাং ক্রয়মূল্য} = ৭০ - ১০ = ৬০ \text{ টাকা।}$$

০৩. শামসু ৬০ টাকায় একটি দ্রব্য বিক্রি করায় কিছু টাকা ক্ষতি হয়। যদি সে দ্রব্যটি ১৪৭ টাকায় বিক্রি করে তাহলে তাঁর পূর্বের ক্ষতির দ্বিগুণ লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?

(ক) ৮৯

(খ) ৯০

(গ) ৮৫

(ঘ) ৯২

উত্তর: ক

সমাধান: ধরি, ক্রয়মূল্য = ক টাকা।

প্রশ্নমতে,

$$২(ক - ৬০) = ১৪৭ - ক \text{ [ক্ষতির দ্বিগুণ = লাভ]}$$

$$\Rightarrow ২ক - ১২০ = ১৪৭ - ক \Rightarrow ৩ক = ২৬৭$$

$$\therefore ক = \frac{২৬৭}{৩} = ৮৯ \text{। উত্তর: ক্রয়মূল্য} = ৮৯ \text{ টাকা।}$$

শর্টকাট

মাঝের ব্যবধান ১৪৭ - ৬০ = ৮৭ টাকাতো ক্ষতি
একগুণ ও লাভের ২ গুণ মোট সহ। তাহলে, $৮৭ \div ৩ = ২৯$
টাকা। সুতরাং ক্রয়মূল্য = ৬০ + ২৯ = ৮৯ টাকা।

০৪. একটি কলম ৫০ টাকায় ক্রয় করে ৫৬ টাকায় বিক্রয় করা হলো। এতে শতকরা কত লাভ হলো?

ক. ১০%

খ. ১২%

গ. ২০%

ঘ. ২৪%

উত্তর: খ

সমাধান : ৫০ টাকায় ৬ টাকা লাভ হলে ১০০ টাকায় লাভ ১২ টাকা বা ১২%।

০৫. একটি পেন্সিল ১.২৫ টাকায় কিনে ১.৩০ টাকায় বিক্রয় করলে, শতকরা কত লাভ হবে?

ক. ১.২%

খ. ১.৫%

গ. ৪%

ঘ. ২.৫%

উত্তর: গ

সমাধান : লাভ = ১.৩ - ১.২৫ = ০.০৫, তারপর $১.২৫ \text{ টাকায় লাভ } ০.০৫ = \frac{০.০৫}{১.২৫} \times ১০০ = ৪\%$ ।

০৬. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। শতকরা ক্ষতির হার কত?

ক. ৮%

খ. ১০%

গ. ৬০%

ঘ. ৫%

উত্তর: ঘ

সমাধান:

এ ধরনের অংকে অনেকেই ভুল করে ৩৮০ টাকায় ক্ষতি হয়েছে ২০ টাকা লিখে রাখতে পারেন তাতে ভুল হবে।

কেননা, ৩৮০ টাকায় বিক্রি করাতে ২০ টাকা ক্ষতি হলে দ্রব্যটি কিনতে মোট খরচ হয়েছিল $৩৮০ + ২০ = ৪০০$ টাকা।

$$৪০০ \text{ টাকায় ক্ষতি হয়েছিল } ২০ \text{ টাকা। শতকরা ক্ষতির হার} = \frac{২০ \times ১০০}{৪০০} = ৫\% \text{।}$$

০৭. ২৭০০ টাকায় একটি মোবাইল বিক্রি করায় ১০% ক্ষতি হলো মোট ক্ষতির পরিমাণ কত টাকা?

ক. ৩০০ টাকা

খ. ২৭০ টাকা

গ. ২৯০ টাকা

ঘ. ৩০০ টাকা

উত্তর: ঘ

সমাধান : $৯০\% = ২৭০০, ১০\% = \frac{২৭০০ \times ১০০}{৯০} = ৩০০ \text{ টাকা। (উত্তর)}$

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৫২ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

০৮. একটি কোম্পানি দিনে প্রথম ১০০০ টাকা বিক্রয়ের উপর ৫% লাভ করে এবং ১০০০ টাকার অতিরিক্ত বিক্রয়ের উপর ৪% লাভ করে। দিনে মোট ৬০০০ টাকার জিনিস বিক্রি হলে, কোম্পানি সর্বমোট কত টাকা লাভ করে?

ক. ২৮০ টাকা খ. ২৫০ টাকা গ. ২৯০ টাকা ঘ. ৩০০ টাকা উত্তর: খ

সমাধান :

তাহলে প্রথম ১০০০ টাকায় লাভ হলো ১০০০ এর ৫% = ৫০ টাকা।

আবার পরবর্তী ৬০০০-১০০০ = ৫০০০ টাকায় লাভ = ৫০০০ এর ৪% = ২০০ টাকা।

∴ মোট লাভ = ৫০ + ২০০ = ২৫০ টাকা।

০৯. একটি দ্রব্য ৫০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে কত টাকা লাভ হবে?

ক. ২০০ টাকা খ. ২২০ টাকা গ. ৯০০ টাকা ঘ. ১০০ টাকা উত্তর: ঘ

সমাধান : ১০% লাভে বিক্রয়মূল্য = ৫৫০ টাকা।

আবার ক্রয়মূল্য ১০% কম হলে দাম হত ৪৫০ টাকা, লাভ ৫৫০-৪৫০ = ১০০ টাকা। (উত্তর)

১০. একটি কলম ১৯০ টাকায় বিক্রি করাতে ৫% ক্ষতি হয়। কলমটি ক্রয়মূল্য কত?

ক. ২০০ টাকা খ. ২২০ টাকা গ. ৯০০ টাকা ঘ. ১০০ টাকা উত্তর: ক

সমাধান: এখানে কেউ ১৯০ এর ৫% বের করে সমাধান করলে উত্তর আসবে না।

কেননা, ১৯০ হলো বিক্রয়মূল্য, তাই এই ধরনের অংক সমাধান করার নিয়ম হলো,

৫% যেহেতু ক্ষতি হয়েছে, তাহলে কলমটি বিক্রি হয়েছে ১০০% - ৫% = ৯৫% দামে।

যার মূল্য হলো ১৯০ টাকা।

তাহলে আমরা সরাসরি লিখবো ৯৫% = ১৯০ টাকা।

$$\therefore 1\% = \frac{190}{95} \quad \therefore 100\% = \frac{190 \times 100}{95} = 200 \text{ টাকা}$$

(ক্রয়মূল্য বের করতে হলে সবসময় ১০০% এর মান বের করতে হবে)

১১. একটি বই ৬৫ টাকায় বিক্রি করলে ৩০% লাভ করে। ১০% লাভে বিক্রি করতে চাইলে নতুন বিক্রির মূল্য কত হবে?

ক. ৫৫ খ. ৬০ গ. ৭০ ঘ. ৭৫ উত্তর: ক

ব্যাখ্যা : ১৩০% = ৬৫, ১০০% = $\frac{65 \times 100}{130} = 50$, ১১০% = $\frac{50 \times 110}{100} = 55$ (উত্তর)

১২. একটি জিনিস ৫৬০ টাকায় বিক্রয় করায় ১২% লাভ হল। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ২০০ টাকা খ. ২২০ টাকা গ. ৫০০ টাকা ঘ. ৪২০ টাকা উত্তর: গ

সমাধান:

ধরি, ক্রয়মূল্য = X টাকা।

∴ বিক্রয়মূল্য = X এর ১১২% = ৫৬০

$$\text{বা } X \times \frac{112}{100} = 560 \therefore X = 560 \times \frac{100}{112} = 500$$

$$\text{একলাইনে লেখা যায় } 560 \times \frac{100}{112} = 500$$

অর্থাৎ বামের $\frac{112}{100}$ ডানে গিয়ে উল্টে গিয়ে গুণ হবে।

$$\text{ক্রয়মূল্য} = \frac{560 \times 100}{112} = 500 \text{ টাকা। (উত্তর)}$$

১৩. ৪% ক্ষতির পরিবর্তে যদি ৪% লাভে একটি দ্রব্য বিক্রয় করায় বিক্রেতা ৪ টাকা বেশি পায়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ক. ২০ খ. ৫০ গ. ৩০ ঘ. ৪০ উত্তর: খ

সমাধান : ৪% ক্ষতিতে বিক্রয়মূল্য ৯৬ টাকা, আবার ৪% লাভে নতুন বিক্রয় মূল্য ১০৪। ব্যবধান ৮% = ৪।

$$\text{তাহলে, } 100\% = \frac{8 \times 100}{8} = 50 \text{ টাকা (উত্তর)}$$

১৪. কোন বই ৪০ টাকায় বিক্রি করলে ২০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে ৪০% লাভ হবে?

ক. ৫০ খ. ৬০ গ. ৬৫ ঘ. ৭০

উত্তর: ঘ

সমাধান : $৮০\% = ৪০$; $১০০\% = \frac{৪০ \times ১০০}{৮০} = ৫০$ টাকা। $\therefore ১৪০\% = \frac{৫০ \times ১৪০}{১০০} = ৭০$ টাকা। (উত্তর)

দুই বার লাভ বা ক্ষতি হলে

১৫. একটি মটর সাইকেল ১২% ক্ষতিতে বিক্রি করা হল। যদি বিক্রয়মূল্য ১২০০ টাকা বেশি হতো, তাহলে ৮% লাভ হতো। মটর সাইকেলের ক্রয়মূল্য- [৮ম শ্রেণী, অনু-২.১ এর উদা:২ সদৃশ; ৪০তম বিসিএস]

ক. ৬০০০ টাকা খ. ৫০০০ টাকা গ. ৪০০০ টাকা ঘ. ৮০০০ টাকা

উত্তর: ক

সমাধান:

এ ধরনের অংকের ক্ষেত্রে প্রথমেই % এর মোট ব্যবধান বের করে তা = ব্যবধানের মোট টাকা (যা প্রশ্নে দেয়া থাকবে তা) লিখে ১০০% এর মান আনতে হয়।

১৬. কোনো একটি জিনিস নির্মাতা ২০% লাভে এবং খুচরা বিক্রেতা ২০% লাভে বিক্রয় করে। যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ১০০ টাকা হয়, তবে খুচরা মূল্য কত?

ক. ১৪৪ খ. ১৫৫ গ. ১৬০ ঘ. ১৮০

উত্তর: ক

সমাধান:

মনে রাখবেন নির্মাতা ১০০ টাকায় কিনে ২০% লাভে বিক্রি করে, ১২০ টাকা। কিন্তু পরবর্তীতে, খুচরা বিক্রেতা যে ২০% লাভ করে তা ১২০ টাকার ২০%। যার মান হলো ২৪ টাকা। অর্থাৎ দুটি % সমান হলেও তাদের মান সমান নয়। এক লাইনে উত্তর বের করতে চাইলে এভাবে লিখুন,

$$১০০ \text{ এর } ১২০\% \text{ এর } ১২০\% \\ = ১০০ \times \frac{১২০}{১০০} \times \frac{১২০}{১০০} = ১৪৪ \text{ টাকা}$$

$$\text{খুচরা মূল্য} = ১০০ + ২০ + ২০ + \frac{২০ \times ২০}{১০০} = ১৪৪ \text{ টাকা}$$

১৭. একটি বইয়ের উৎপাদন খরচ ৭০ টাকা। উৎপাদনকারী ২০% লাভে বইটি খুচরা বিক্রেতার নিকট বিক্রি করে। খুচরা বিক্রেতা যদি ২৫% লাভে বইটি বিক্রি করতে চায় তাহলে তার বিক্রয়মূল্য কত টাকা হবে?

(ক) ৮৪ (খ) ১০১ (গ) ১০৪ (ঘ) ১০৫

উত্তর: ঘ

সমাধান:

$$২০\% \text{ লাভে প্রথমবার বিক্রয়মূল্য} = ৭০ + ৭০ \text{ এর } ২০\% \\ = ৭০ + ১৪ = ৮৪ \text{ টাকা}$$

এরপর ২৫% লাভে ৮৪ টাকার বইয়ে বিক্রয়মূল্য

$$= ৮৪ + ৮৪ \text{ এর } ২৫\% \\ = ৮৪ + ২১ \\ = ১০৫ \text{ টাকা।}$$

$$\text{খুচরা বিক্রয়মূল্য} = \frac{৭০ \times ১২০ \times ১২৫}{১০০ \times ১০০} \\ = ১০৫$$

এই ব্যাপারটি ধরতে পারলে এ সকল অঙ্ক ১০ সেকেন্ডে সমাধান করে ফেলতে পারবেন।

সহজ করে ভাবুন:

৭০ এর ১০% = ৭ হলে ২০% অবশ্যই ১৪ হবে। তাহলে বিক্রি $৭০ + ১৪ = ৮৪$ ।

এবার ৮৪ এর ২৫% লাভ অর্থ ৪ ভাগের ১ ভাগ লাভ। ৮৪ এর ৪ ভাগের ১ ভাগ ২১। তাহলে বিক্রি $৮৪ + ২১ = ১০৫$ ।

১৮. এক ব্যক্তি একটি দ্রব্য ১২০০ টাকায় কিনে ১৫% লাভে বিক্রয় করল, ক্রেতা ঐ দ্রব্য তৃতীয় এক ব্যক্তির কাছে ৫% ক্ষতিতে বিক্রয় করল। শেষ বিক্রয়মূল্য কত ছিল? [২৪তম বিসিএস]

ক. ২০০০ খ. ১৫০০ গ. ১৩১১ ঘ. ১৪০০

উত্তর: গ

$$\text{সমাধান : } ১২০০ \text{ এর } ১১৫\% = ১২০০ \text{ এর } \frac{১১৫}{১০০} = ১৩৮০ \text{। } ১৩৮০ \text{ এর } \frac{৯৫}{১০০} = ১৩১১ \text{ টাকা।}$$

১৯. ১৫০০ টাকা করে দুটি ছাগল বিক্রি করায় একটিতে ২০% লাভ অন্যটিতে ২০% ক্ষতি হল। মোটের উপর শতকরা কত লাভ বা ক্ষতি হলো?

ক. ৪% ক্ষতি খ. ৫% লাভ গ. ৬% ক্ষতি ঘ. ৮% ক্ষতি

উত্তর: ক

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৫৪ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

মনে রাখবেন এরকম একই দামে দুটি পণ্য বিক্রয় করায় একই হারে লাভ বা ক্ষতি হলে, মোটের উপর সবসময় ক্ষতি হয়। কতটুকু ক্ষতি হয় তা বের করার জন্য নিচের সূত্রটি প্রয়োগ করুন:

$$\text{ক্ষতির হার} = \left(\frac{\text{সমান সমান লাভ বা ক্ষতির হার}}{100} \right)^2 \%$$

$$\text{এখন সূত্রানুযায়ী অংকটি করি,} \left(\frac{20}{100} \right)^2 \% = 2^2 \% = 8\% \text{ ক্ষতি}$$

২০. ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% লোকসানে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?

ক. ১৫০

খ. ২০০

গ. ২৫০

ঘ. ৩০০

উত্তর: ঘ

সমাধান:

লাভের ক্ষেত্রে, ৩৬০০ টাকা চেয়ারের ক্রয়মূল্য হবে
২০% লাভে ১০০ টাকার চেয়ারের দাম = ১২০ টাকা।
এখন ১২০ টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য = ১০০ টাকা।
আবার ১ " " " " = $\frac{100}{120}$
আবার ৩৬০০ " " " " = $\frac{100 \times 3600}{120} = 3000$ টাকা।

আবার, ক্ষতির ক্ষেত্রে,
২০% ক্ষতিতে ১০০ টাকা চেয়ারের বিক্রয়মূল্য = ৮০ টাকা
এখন বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা
" ১ " " " $\frac{100}{80}$
" ৩৬০০ " " " $\frac{100 \times 3600}{80} = 4500$ টাকা।

এখন মোট ক্রয়মূল্য = ৩০০০ + ৪৫০০ = ৭৫০০ এবং মোট বিক্রয়মূল্য = ৩৬০০ + ৩৬০০ = ৭২০০। সুতরাং মোট ক্ষতি ৭৫০০ - ৭২০০ = ৩০০ টাকা। অথবা লাভের সময় ৬০০ লাভ কিন্তু ক্ষতির সময় ৯০০ তাই মোটে ক্ষতি ৯০০ - ৬০০ = ৩০০

$$\begin{aligned} \text{ক্ষতির হার} &= \left(\frac{\text{সমান সমান লাভ বা ক্ষতির হার}}{100} \right)^2 \% \\ &= \left(\frac{20}{100} \right)^2 \% = 8\% \\ \text{এখন } 3600 \text{ টাকা করে } 2 \text{ টি } 9200 \text{ টাকায় বিক্রি করায় } \\ 8\% \text{ ক্ষতি হলে মোট ক্ষতি হবে } 8\% \text{ এর মান। যা বের করা } \\ \text{যায়, } 96\% = 9200 \\ \therefore 1\% &= \frac{9200}{96} \\ \therefore 8\% &= \frac{9200 \times 8}{96} = 300 \text{ টাকা} \\ &[\text{যেহেতু ক্ষতি} = 8\%] \end{aligned}$$

২১. কোন রেডিও দোকানের মূল্য তালিকায় প্রত্যেকটি রেডিওর মূল্য ৩০% বাড়িয়ে লেখা হয় এবং লিখিত মূল্য থেকে ১০% কমে বিক্রয় করা হয়। এতে শতকরা কত লাভ হয়।

ক. ২০%

খ. ২৮%

গ. ৪২%

ঘ. ১৭%

উত্তর: ঘ

সমাধান : ৩০% বেড়ে ১৩০ হয়, এবং পরে এই ১৩০ এর ১০% অর্থাৎ ১৩ টাকা কমে বিক্রি হয় ১৩০ - ১৩ = ১১৭ টাকায়, মোট লাভ ১৭%।

[% বের করতে বলা হলে এবং মোট দাম দেয়া না থাকলে ১০০ ধরে করতে হয়]

২২. এক ব্যক্তি ক্রয়মূল্যের উপর ৫০% বেশি হিসেব করে বিক্রয়মূল্য নির্ধারণ করে। সে নির্ধারিত বিক্রয়মূল্যের উপর ১০% কমিশন দিয়ে জিনিস বিক্রয় করে। তার মোটের উপর শতকরা কত লাভ হয়?

ক. ২২ টাকা

খ. ৩৫ টাকা

গ. ৪৫ টাকা

ঘ. ৫২ টাকা

উত্তর: খ

সমাধান: (হাস-বৃদ্ধির সূত্র প্রয়োগ করে সমাধান করা যায় অথবা সূত্র ছাড়াও করা যায়।)

মোট টাকা দেয়া নেই, তাই ১০০ টাকার পণ্যের নির্ধারিত দাম ১৫০ টাকা। আবার ১৫০ টাকার পণ্যে ১০% ছাড় দেয়ায় মোট ছাড় ১৫ টাকা। সুতরাং বিক্রয়মূল্য = ১৫০ - ১৫ = ১৩৫ টাকা। লাভ = ৩৫ টাকা।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৫৫ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

২৩. এক ব্যক্তি কোনো দ্রব্যের ধার্যমূল্যের ৮% কমিশন দিয়েও ১৫% লাভ করে, যে দ্রব্যের ক্রয়মূল্য ২৮০ টাকা, তার ধার্যমূল্য কত?
ক. ১১৫ খ. ২১৫ গ. ২০০ ঘ. ৩৫০ উত্তর: ঘ

সমাধান:

প্রশ্নে ২৮০ দেয়া আছে, যা ক্রয়মূল্য, এখন ক্রয়মূল্য ২৮০ টাকা, তাহলে ১৫% লাভে বিক্রয়মূল্য হবে ২৮০ এর ১১৫% =

$$২৮০ \times \frac{১১৫}{১০০} = ৩২২ \text{ টাকা। এখন এই } ৩২২ \text{ টাকা হলো বিক্রয়মূল্য। কিন্তু উত্তর বের করতে বলা হয়েছে ধার্যমূল্য কত টাকা।}$$

লক্ষ্য করন, ধার্যমূল্যের উপর ৮% কমিশন দেয়ায় ৩২২ টাকা দাম হয়েছে, তাহলে ধার্যমূল্যটি আরো বেশি ছিল।

$$৯২\% \text{ এর মান হচ্ছে } = ৩২২ \text{ টাকা তাই } ১\% = \frac{৩২২}{৯২} \text{ টাকা। সুতরাং } ১০০\% = \frac{৩২২ \times ১০০}{৯২} = ৩৫০ \text{ টাকা।}$$

২৪. আবু সাঈদ তালিকা মূল্যের উপর ২৫% কমিশনে একটি দ্রব্য কিনে। সে দ্রব্যটি ৬৬০ টাকায় বিক্রয় করায় তার ১০% লাভ হয়। দ্রব্যটির তালিকামূল্য কত টাকা ছিল?
ক. ২২৫ খ. ৩২৫ গ. ৪২৫ ঘ. ৮০০ উত্তর: ঘ

$$\text{সমাধান : } ১১০\% = ৬৬০ \text{ তাই } ১০০\% = \frac{৬৬০ \times ১০০}{১১০} = ৬০০ \text{ টাকা। এখন, এই } ৬০০ \text{ হলো } ৭৫\% \text{ এর মান (কারণ } ২৫\%$$

$$\text{কমিশন পেয়ে } ৬০০ \text{ তে আবু সাঈদ কিনেছেন। তাহলে } ১০০\% = \frac{৬০০ \times ১০০}{৭৫} = ৮০০ \text{ টাকা। (উত্তর)}$$

২৫. একটি ঘড়ি বিক্রয়ে একজন দোকানদার ৫% ছাড় দেয়। যদি ৭% ছাড় দেয়, তবে সে ১৫ টাকা কম লাভ করে। ঘড়িটির তালিকা মূল্য কত?
ক. ২২২ টাকা খ. ৫৩৫ টাকা গ. ৭৪৫ টাকা ঘ. ৭৫০ টাকা উত্তর: ঘ

$$\text{সমাধান : } ২\% \text{ ছাড় (কম)} = ১৫ \text{ টাকা (কম) } \therefore ১\% \text{ এর মান } ৭.৫ \text{ এবং } ১০০\% = ৭৫০ \text{ টাকা।}$$

২৬. রুহেল ২৫% ক্ষতিতে একটি ঘড়ি বিক্রয় করে। যদি ঘড়িটি ৩৫০ টাকা বেশি দামে বিক্রয় করা যেত তাহলে তার ১০% লাভ হত। ঘড়িটির ক্রয়মূল্য কত ছিল?
ক. ৪০০ টাকা খ. ৫০০ টাকা গ. ১০০০ টাকা ঘ. ১০০ টাকা উত্তর: গ

সমাধান:

$$\text{ধরি, ক্রয়মূল্য} = ১০০$$

$$\text{সুতরাং } ২৫\% \text{ ক্ষতিতে প্রথম বিক্রয়মূল্য} = ১০০ - ২৫ = ৭৫$$

$$\text{এবং } ১০\% \text{ লাভে দ্বিতীয় বিক্রয়মূল্য} = ১০০ + ১০ = ১১০$$

$$\text{দুই বিক্রয়মূল্যের ব্যবধান} = ১১০ - ৭৫ = ৩৫$$

$$\text{বিক্রয়মূল্য আরো } ৩৫ \text{ টাকা বেশি হলে ক্রয়মূল্য} = ১০০ \text{ টাকা}$$

$$\therefore \text{ " " } ১ \text{ " " " " " " } = \frac{১০০}{৩৫} \text{ "}$$

$$\therefore \text{ " " } ৩৫০ \text{ " " " " " " } = \frac{১০০ \times ৩৫০}{৩৫} = ১০০০ \text{ টাকা।}$$

Shortcut:

$$২৫\% \text{ ক্ষতি} + ১০\% \text{ লাভ} = ৩৫\% = ৩৫০ \text{ টাকা}$$

$$\text{সুতরাং } ১\% = \frac{৩৫০}{৩৫}$$

$$\therefore ১০০\% = \frac{৩৫০ \times ১০০}{৩৫} = ১০০০ \text{ টাকা।}$$

২৭. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রয় করায় ২০% ক্ষতি হলো। যদি দ্রব্যটি আরো ৭০ টাকা বেশী দামে বিক্রি করা হতো তাহলে ১৫% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
ক. ২৫০ টাকা খ. ২০০ টাকা গ. ৩০০ টাকা ঘ. ৫০০ টাকা উত্তর:

সমাধান:

এ ধরনের অংকের ক্ষেত্রে প্রথমেই % এর মোট ব্যবধান বের করে তা = ব্যবধানের মোট টাকা (যা প্রশ্নে দেয়া থাকবে তা) লিখে ১০০% এর মান আনতে হয়।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৫৬ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

৮০%	১০০%	১১৫%
প্রথম বিক্রয়মূল্য	দ্বিতীয় বিক্রয়মূল্য	তৃতীয় বিক্রয়মূল্য
দুই বিক্রয়মূল্যের ব্যবধান = ১১৫ - ৮৫ = ৩৫%।		
আবার প্রশ্নমতে, টাকায় ব্যবধান ৩৫% = ৭০ টাকা।		

এখানে, ২০% ক্ষতি + ১৫% লাভ = ৩৫% ব্যবধান যার মান ৭০ টাকা। অর্থাৎ % এর ব্যবধান ৩৫% এবং টাকার ব্যবধান ৭০ টাকা (সমাধান বক্সে)। অর্থাৎ দ্রব্যটির ক্রয়মূল্য ২০০ টাকা।

২৮. এক বুড়ি আম ১০% ক্ষতিতে বিক্রয় করা হল। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। এক বুড়ি আমের দাম কত?
ক. ১০০ টাকা খ. ১৫০ টাকা গ. ২০০ টাকা ঘ. ৩০০ টাকা উত্তর: ঘ

সমাধান:

এখানে ৪৫ হলো $১০ + ৫ = ১৫\%$ এর মান।

তাই আমরা লিখতে পারি, $১৫\% = ৪৫$ টাকা।

$$১\% = ৩ \text{ হলে, } ১০০\% = ৩০০ \text{ টাকা হবে।}$$

$$\therefore ১\% = \frac{৪৫}{১৫} \text{ টাকা} \therefore ১০০\% = \frac{৪৫ \times ১০০}{১৫} \text{ টাকা} = ৩০০ \text{ টাকা।}$$

২৯. একটি দ্রব্য বিক্রয় করায় বিক্রয়তার ১০% ক্ষতি হলো। বিক্রয়মূল্য ১৩৫ টাকা বেশি হলে বিক্রয়তার ২০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য

ক. ৩০০ টাকা খ. ৩৫০ টাকা গ. ৪০০ টাকা ঘ. ৪৫০ টাকা উত্তর: ঘ

সমাধান : প্রশ্নের শর্তানুযায়ী, $৩০\% = ১৩৫$ এবং $১০০\% = \frac{১৩৫ \times ১০০}{৩০} = ৪৫০$ টাকা। (উত্তর)

৩০. একটি ল্যাপটপের বিক্রয়মূল্য ক্রয়মূল্যের $\frac{১}{৪}$ অংশের সমান হলে, শতকরা কত ক্ষতি হবে?

ক. ৭৫% খ. ২০% গ. ৩০% ঘ. ৩৫% উত্তর: ক

সমাধান: এরকম অংক করার ক্ষেত্রে ভগ্নাংশের পূর্বের শব্দ খুব ভালোভাবে লক্ষ্য রাখবেন তাহলে ভগ্নাংশের লব ও হর দ্বারা কি বোঝাচ্ছে তা সহজে বোঝা যাবে।

ক্রয়মূল্য ৪ টাকা হলে বিক্রয়মূল্য ১ টাকা।

ক্ষতি = $৪ - ১ = ৩$ টাকা ক্ষতি হয়েছে ৪ টাকায়।

$$\text{এখন ক্ষতির হার সূত্র অনুযায়ী বের করি, ক্ষতির হার} = \frac{৩ \times ১০০}{৪} = ৭৫\%$$

৩১. একটি গাড়ির বিক্রয়মূল্য গাড়িটির ক্রয়মূল্যের $\frac{৪}{৫}$ অংশের সমান হলে ক্ষতি হবে-

ক. ২০% খ. ২৫% গ. ৮০% ঘ. ৭০% উত্তর: ক

[Help: ৫ টাকায় কিনে ৪ টাকায় বিক্রি হলে ৫ টাকায় ১ টাকা ক্ষতি বা ২০% ক্ষতি]

৩২. কোন জিনিসের ক্রয়মূল্য বিক্রয়মূল্যের $\frac{৪}{৫}$ অংশ হলে শতকরা লাভের হার কত?

ক. ২৫% খ. ২০% গ. ৩০% ঘ. ৩৫% উত্তর: ক

[Hints: ৫ টাকায় ১ টাকা লাভ ভাবলে ভুল হবে, কারণ ৫ হচ্ছে বিক্রয়মূল্য, তাই ৪ টাকায় লাভ ১ টাকা]

৩৩. একটি গরু ৪৫০ টাকায় বিক্রয় করায় তার ক্রয়মূল্যের $\frac{১}{৮}$ অংশ লাভ হল। গরুটির ক্রয়মূল্য কত?

ক. ৪০০ খ. ৪২০ গ. ৩০০ ঘ. ৩৫০ উত্তর: ক

সমাধান : ক্রয়মূল্য + লাভ = বিক্রয়মূল্য। $৮ + ১ = ৯$ ভাগ যার ৮ ভাগ ক্রয়মূল্য।

তাই ৪৫০ কে ৯ দ্বারা ভাগ করে ৮ ভাগ = ৪০০ টাকা।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৫৭ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

৩৪. একটি দ্রব্য ২৫% লাভে বিক্রয় করলে উহার ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত হবে?

ক. ২:৩ খ. ৩:৪ গ. ৪:৫ ঘ. ৫:৬ উত্তর: গ

সমাধান: ২৫% লাভে ১০০ টাকা ক্রয়মূল্যের বিক্রয়মূল্য ১২৫

∴ ক্রয়মূল্য : বিক্রয়মূল্য ১০০ : ১২৫ = ৪ : ৫

৩৫. ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = ৫ : ৬ হলে, শতকরা লাভের হার কত?

ক. ২৫% খ. ২০% গ. ৩০% ঘ. ৩৫% উত্তর: খ

সমাধান : ৫ টাকায় লাভ হয় ১টাকা। তাহলে ১০০ টাকায় লাভ হবে ২০টাকা।

৩৬. একজন দোকানদার তার দোকানের পণ্যের দাম ২০% বাড়িয়ে দিলেন এতে তার দোকানের বিক্রি ১৫% কমে গেল। মোটের উপর তার বিক্রয় শতকরা কত বাড়লো বা কমলো?

ক. ২% বাড়লো খ. ২% কমলো গ. ৩% বাড়লো ঘ. ৩% কমলো উত্তর: ক

সমাধান : ২০% বাড়ালে ১০০ থেকে হয় ১০০ + ২০ = ১২০।

আবার ১৫% কমানোর সময় ১২০ এর ১৫% বা ১৮ কমে।

তাহলে, বাড়ার সময় বাড়লো ২০ কিন্তু পরে কমলো ১৮ তাহলে মোটের উপর বাড়লো ২০-১৮ = ২%।

৩৭. একটি লাইটের দাম ২০% কমিয়ে দেয়ায় বিক্রির সংখ্যা ৪০% বৃদ্ধি পেল। টাকার হিসেবে বিক্রির উপর কিরূপ প্রভাব পড়ল?

ক. ১২% বাড়লো খ. ২১% কমলো গ. ১৩% বাড়লো ঘ. ৩১% কমলো উত্তর: ক

সমাধান : ৮০ এর ১৪০% = ১১২, অর্থাৎ ১২% বেড়েছে।

৩৮. একজন ফল বিক্রেতার ৫% ফল পঁচে গেল এবং আরো ৫% ফল পরিবহনের সময় নষ্ট হলো। বাকি ফল শতকরা কত লাভে বিক্রি করলে মোটের উপর তার ২০% লাভ হবে?

ক. ২৫% খ. ২৭% গ. ৩০% ঘ. $৩৩\frac{১}{৩}\%$ উত্তর: ঘ

সমাধান:

ধরি,

প্রথমে ফল ছিল ১০০

মোট নষ্ট হয়েছে ৫% + ৫% = ১০%।

বর্তমানে অবশিষ্ট আছে (১০০-১০) = ৯০।

২০% লাভে, বিক্রয়মূল্য = ১২০

∴ লাভ = (১২০-৯০) = ৩০

মোট নষ্ট হয়েছে = ৫% + ৫% = ১০%।

মোটের উপর ২০% লাভ করতে হবে = ১২০%

বাকী ফল লাভে বিক্রি করতে হবে = $\frac{১০০ \times ১২০}{৯০} = ১৩৩.৩৩\%$

১৩৩.৩৩% - ১০০% = ৩৩.৩৩% = $৩৩\frac{১}{৩}\%$

সুতরাং শতকরা লাভ হবে, $\left(\frac{৩০ \times ১০০}{৯০}\right) = ৩৩\frac{১}{৩}\%$

মোটের উপর লাভ অর্থ সমস্ত খরচের উপর লাভ

মুখে মুখে: ৯০টাকায় ৩০ টাকা অর্থ ৩ ভাগের ১ ভাগ ১০০ এর ৩ভাগের এক ভাগের মান হল $৩৩\frac{১}{৩}\%$ উত্তর: $৩৩\frac{১}{৩}\%$

৩৯. এক ব্যক্তি একটি দ্রব্য ক্রয় করে ১০% ক্ষতিতে বিক্রয় করলো। যদি সে দ্রব্যটি ২০% কমে ক্রয় করে ৫৫ টাকা বেশিতে বিক্রয় করতো তাহলে ৪০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ক. ২০০ খ. ২২০ গ. ২৫০ ঘ. ৩০০ উত্তর: গ

সমাধান:

প্রথম ক্রয়মূল্য ১০০ টাকা হলে ১০% ক্ষতিতে প্রথম

বিক্রয় মূল্য = ৯০টাকা। আবার ২০% কমে ২য় ক্রয়মূল্য

যখন ৮০ টাকা তখন ৪০% লাভে ২য় বিক্রয়মূল্য ৮০ টাকার ১৪০% = ১১২টাকা।

এখন দুই বিক্রয়মূল্যের মধ্যে পার্থক্য ১১২-৯০ = ২২ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা।

সুতরাং দুই বিক্রয়মূল্যের মধ্যে পার্থক্য ৫৫ টাকা হলে ক্রয়মূল্য = $\frac{১০০ \times ৫৫}{২২} = ২৫০$ টাকা।

২২% = ৫৫ হলে

$১০০\% = \frac{৫৫ \times ১০০}{২২}$

= ২৫০ টাকা।

৪০. একজন দোকানদার $9\frac{1}{2}\%$ ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করল। যদি দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হতো এবং বিক্রয়মূল্য ৩১

টাকা বেশি হতো তাহলে তার ২০% লাভ হতো। দ্রব্যটির ক্রয় মূল্য বের করুন:

ক. ১০০ টাকা খ. ২০০ টাকা গ. ৩০০ টাকা ঘ. ৪০০ টাকা উত্তর: খ

সমাধান:

$9\frac{1}{2}\%$ বা 9.5% ক্ষতিতে ১০০ টাকার দ্রব্যের বিক্রয় মূল্য = $100 - 9.5 = 90.5$ টাকা।

আবার ১০% কমে ২য় ক্রয়মূল্য = $100 - 10 = 90$ টাকা।

২য় বিক্রয় মূল্য = ৯০ এর ১২০% = ১০৮ টাকা।

দুই বিক্রয়মূল্যের পার্থক্য = $108 - 90.5 = 17.5\%$ এর মান ৩১ তাহলে ক্রয়মূল্য ১০০% = ২০০।

৪১. একজন বিক্রেতা একটি বই এর বিক্রয় মূল্যের উপর ৫% ছাড় দিয়ে ক্রয়মূল্যের উপর ২৫% লাভ করলো। যদি ঐ বই এর ক্রয় মূল্য ৩৮০ টাকা হয়ে থাকে তবে ঐ বই এর বিক্রয় মূল্য কত লেখা ছিল?

(ক) ৪০০ (খ) ৪৫০ (গ) ৫০০ (ঘ) কোনোটি নয় উত্তর: গ

সমাধান:

২৫% লাভে ৩৮০ টাকার পণ্যের বিক্রয়মূল্য = $380 + 380 \times 25\% = 380 + 95 = 475$ ।

আবার ৫% ছাড় দিলে ১০০ টাকার পণ্যের বিক্রয়মূল্য হবে ৯৫ বা ৯৫%।

তাহলে $95\% = 475$, $1\% = \frac{475}{95}$, সুতরাং $100\% = \frac{475 \times 100}{95} = 500$ টাকা।

সংখ্যা জাতীয় প্রশ্নের লাভ-ক্ষতি

এখানে কয়েকটি নমুনা প্রশ্ন থেকে গুরুত্বপূর্ণ পয়েন্টগুলো শিখে রাখুন:

৪২. ৩টির ক্রয়মূল্য এবং ২টির বিক্রয়মূল্য সমান হলে লাভের হার কত? [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার -২০১৬; ২৬তম বিসিএস+ ৩৫তম বিসিএস - মানসিক দক্ষতা]

ক. ২৫% খ. ২০% গ. ৩০% ঘ. ৫০% উত্তর: ঘ

সমাধান:

ধরি, ৩টির ক্রয়মূল্য = ৩ টাকা, তাহলে ২টির বিক্রয়মূল্য হবে ৩ টাকা (৩টির ক্রয়মূল্য = ২টির বিক্রয়মূল্য)।

তাহলে যে ২টি ৩ টাকায় বিক্রি হয়েছে তার ক্রয়মূল্য ২ টাকা (কারণ ৩টির ক্রয়মূল্য ৩ টাকা)।

এখন লাভ = $3 - 2 = 1$ টাকা।

কত টাকাতে ১ টাকা লাভ?

অবশ্যই ক্রয়মূল্য ২টাকাতে লাভ ১টাকা তাহলে লাভের হার = 50% হবে। এখন থেকে আমরা কী বুঝতে পারলাম?

সংখ্যার প্রশ্নগুলোতে যেটা বিক্রয়সংখ্যা সেটাই ক্রয়মূল্য।

তাহলে এতকিছু না লিখে সরাসরি বলা যেতে ২টাতে ১ টা লাভ যা 50% হয়।

শর্টকাট

$$\text{লাভ বা ক্ষতির হার} = \frac{\text{ব্যবধান} \times 100}{\text{বিক্রয় সংখ্যা}} \%$$

৪৩. ৬ টি কমলার ক্রয়মূল্য ৫ টি কমলার বিক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ কত?

ক. ২৫% খ. ৩২% গ. ২০% ঘ. ১৭% উত্তর: গ

সমাধান : সূত্র প্রয়োগ না করেই সমাধান করা যায়। ৫টিতে ১টি লাভ হলে শতকরা লাভ $\frac{100}{5} = 20\%$ (উত্তর)

88. 100 টাকায় 10টি ডিম কিনে 100 টাকায় 8টি ডিম বিক্রয় করলে শতকরা লাভ কত হবে? [৩৭-তম বিসিএস]

(ক) 16% (খ) 20% (গ) 25% (ঘ) 28% উত্তর: গ

সমাধান:

১০টি ডিমের ক্রয়মূল্য = ১০০ টাকা (১০টি কিনতে মোট খরচ)

আবার ৮ টি ডিমের বিক্রয়মূল্য = ১০০ টাকা।

তাহলে ১ টি ডিমের বিক্রয়মূল্য = $১০০ \div ৮ = ১২.৫$ টাকা।

∴ ১০ টি ডিমের বিক্রয়মূল্য = $১২.৫ \times ১০ = ১২৫$ টাকা। (১০টির ক্রয় = ১০টি বিক্রয় বানানো হলো)

তাহলে লাভ = $১২৫ - ১০০ = ২৫$ বা ২৫% (সরাসরি এটাই উত্তর কারণ এখানে ক্রয়মূল্য ১০০ টাকা)

উপরের কোন কিছুই লিখতে হবে না: যদি এভাবে ভাবেন, টাকার পরিমাণ দু ক্ষেত্রেই সমান তাই ১০টি কিনে ৮টি করে বিক্রি করলে ৮টিতে ২টি লাভ বা ৮ ভাগের ১ ভাগ লাভ। তাহলে লাভের শতকরা হার হবে ২৫%।

এখানে ১ টাকায় ১০টি কিনে ১ টাকায় ৮টি অথবা, ৫০ টাকায় ১০টি কিনে ৫০ টাকায় ৮টি বললেও একই উত্তর হবে।

৮টি বিক্রি করলে ২টি লাভ হয়।

$$\text{অর্থাৎ } \frac{২}{৮} \times ১০০ = ২৫\%$$

8৫. একজন দোকানদার ৫ টি লেবু যে দামে কিনে, ৪টি লেবু সেই দামে বিক্রি করে। তার শতকরা কত লাভ হবে? [থানা শি:অফিসার-০৫]

ক. ২৫% (খ) ২০% (গ) ৩০% (ঘ) ৩৫% উত্তর: ক

সমাধান : এখানে বিক্রয়সংখ্যা ৪টিতে ১টি লাভ। শতকরা লাভের পরিমাণ = $\frac{১}{৪} \times ১০০ = ২৫\%$ ।

8৬. ৮ টি প্যান্টের বিক্রয়মূল্য ১০ টি প্যান্টের ক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ কত?

ক. ২৫% (খ) ২০% (গ) ৩০% (ঘ) ৩৫% উত্তর: ক

8৭. ২৫ কেজি চাল যে দরে কেনা যায়, ২০ কেজি চাল সে দরে বিক্রি করলে শতকরা কত লাভ হয়?

ক. ২০% (খ) ২৫% (গ) ৩০% (ঘ) ৩৫% উত্তর: খ

ব্যাখ্যা : ২০ কেজিতে লাভ হয় ৫ কেজি। শতকরা লাভের পরিমাণ = $\frac{৫}{২০} \times ১০০ = ২৫\%$ ।

8৮. টাকায় ১২টি লেবু বিক্রি করায় ৪% ক্ষতি হয়। ৪৪% লাভ করতে হলে টাকায় কতটি লেবু বিক্রি করতে হবে?

ক. ৮টি (খ) ১০টি (গ) ১২টি (ঘ) ১৪টি উত্তর: ক

সমাধান:

৪% ক্ষতিতে বিক্রয়মূল্য = $১০০ - ৪\% = ৯৬\%$

আবার ৪৪% লাভে বিক্রয়মূল্য = ১৪৪%

এখানে $৯৬\% = ১$ টাকা ∴ $১\% = \frac{১}{৯৬}$ টাকা

∴ $১৪৪\% = \frac{১৪৪}{৯৬}$ টাকা = ১.৫ টাকা

অর্থাৎ ৪৪% লাভ করতে হলে ১ টাকার পণ্য ১.৫ টাকায় বিক্রি করতে হবে। ১.৫ টাকায় বিক্রয় করতে হবে = ১২টি (যেহেতু কিনেছে ১২ টি তাই বিক্রিও ১২টি)

∴ ১ টাকায় বিক্রি করতে হবে = $\frac{১২}{১.৫}$ টি = ৮টি

8৯. টাকায় ১ ডজন কলা বিক্রয় করায় ২০% ক্ষতি হয়। ৬০% লাভ করতে হলে টাকায় কতটি কলা বিক্রি করতে হবে?

ক. ৮টি (খ) ১০টি (গ) ১২টি (ঘ) ৬টি উত্তর: ঘ

সমাধান:

$৮০\% = ১$ ∴ $১\% = \frac{১}{৮০}$ ∴ $১৬০\% = \frac{১ \times ১৬০}{৮০} = ২$ টাকা

সুতরাং ২ টাকায় বিক্রি করতে হবে = ১ ডজন বা ১২টি। তাহলে, ১ টাকায় বিক্রি করতে হবে $১২ \div ২ = ৬$ টি।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৬০ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

৫০. টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে? [৩৮তম বিসিএস]
 (ক) ৪টি (খ) ৩টি (গ) ২টি (ঘ) কোনটিই নয় উত্তর: ক

সমাধান:

$$১২\% \text{ ক্ষতিতে বিক্রয়মূল্য } ১০০\% - ১২\% = ৮৮\%$$

$$\text{আবার } ১০\% \text{ লাভে বিক্রয়মূল্য } = ১০০\% + ১০\% = ১১০\%$$

এখন $৮৮\% = ১$ টাকা (যেহেতু লাভ-ক্ষতির হিসেব

$$\text{টাকার সাথে হয়।} \therefore ১\% = \frac{১}{৮৮} \therefore ১১০\% = \frac{১১০}{৮৮} = \frac{৫}{৮} \text{ টাকা।}$$

অর্থাৎ যে মার্বেলগুলো ১টাকায় বিক্রি করে ১২% ক্ষতি হয়েছে তা $\frac{৫}{৮}$ টাকায় বিক্রি করলে ১০% লাভ হবে।

$$\text{তাহলে, } \frac{৫}{৮} \text{ টাকায় বিক্রি করতে হবে } = ৫ \text{ টি। সুতরাং } ১ \text{ " " " " } = ৫ \times \frac{৮}{৫} = ৮ \text{ টি।}$$

৫১. এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে?
 ক. ২৫ খ. ২২ গ. ৩০ ঘ. ৩৫ উত্তর: খ

সমাধান: ১২টার ক্রয়মূল্য ৬০ টাকা হলে ১ টার ৫ টাকা এবং ৪ টার $৪ \times ৫ = ২০$ টাকা।

২০ টাকার আমে ১০% লাভ অর্থাৎ ২ টাকা লাভ। তাহলে, বিক্রি করতে হবে $২০ + ২ = ২২$ টাকা।

৫২. এক কুড়ি কমলা ৫০ টাকায় ক্রয় করে এক ডজন কমলা ৩৬ টাকায় বিক্রয় করা হলো। শতকরা কত লাভ হবে?
 ক. ২৫% খ. ২০% গ. ৩০% ঘ. ৩৫% উত্তর: খ

সমাধান : প্রতিটি ২.৫ টাকা কিনে ৩ টাকা বিক্রি। $\therefore ২.৫$ টাকায় ০.৫ টাকা লাভ। শতকরা লাভ $= \frac{০.৫}{২.৫} \times ১০০ = ২০\%$ ।

৫৩. ৩৬ টাকা ডজন দরে কলা ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হলে এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত হবে?
 ক. ৩৪ টাকা খ. ৩২ টাকা গ. ৪০ টাকা ঘ. ৭২ টাকা উত্তর: ঘ

সমাধান:

১২ টির ক্রয়মূল্য ৩৬ টাকা হলে ১টির ক্রয়: ৩ টাকা, এবং ২০টির ক্রয়মূল্য $২০ \times ৩ = ৬০$ টাকা। এখন ২০% লাভে ২০টির বিক্রয়মূল্য হবে ৬০ এর $১২০\% = ৭২$ টাকা।

(খুব সহজে সমাধান করুন: ২০% অর্থ ৫ ভাগের ১ভাগ, ৬০ টাকায় ১২ টাকা লাভ। সুতরাং বিক্রয়মূল্য $৬০ + ১২ = ৭২$)

৫৪. এক ডজন কলা ২৪ টাকায় ক্রয় করে কুড়িটি কত টাকায় বিক্রয় করলে ২৫% লাভ হবে?
 ক. ২৫ টাকা খ. ৩০ টাকা গ. ৪০ টাকা ঘ. ৫০ টাকা উত্তর: ঘ

সমাধান:

১২টি কলার ক্রয়মূল্য ২৪ টাকা

$$\therefore ২০ \text{ টি কলার ক্রয়মূল্য } \frac{২৪ \times ২০}{১২} \text{ টাকা} = ৪০ \text{ টাকা}$$

এখন ১২টির দাম ২৪ টাকা হলে ১টির দাম ২ টাকা, আবার ২০টির দাম হবে ৪০ টাকা, ৪০ টাকায় ২৫% লাভ অর্থ ৪ভাগের ১ ভাগ লাভ অর্থাৎ ১০ টাকা লাভ করলে বিক্রয়মূল্য হবে $৪০ + ১০ = ৫০$ টাকা।

$$২৫\% \text{ লাভে, } ৪০ \text{ টাকার কলার বিক্রয়মূল্য } ৪০ \text{ এর } ১২৫\% = \frac{৪০ \times ১২৫}{১০০} = ৫০ \text{ টাকা}$$

অথবা আরো দ্রুত: ১টির দাম ২ টাকা বের করে ২ এর $১২৫\% \times ২০ = ৫০$ টাকা।

৫৫. ৫০ টি কলা ২২০ টাকায় বিক্রয় করায় ১০% লাভ হল। ১০০ টি কলার ক্রয়মূল্য কত?
 ক. ৪০০ খ. ২০০ গ. ৩০০ ঘ. ৩৫০ উত্তর: ক

সমাধান:

১০% লাভে বিক্রয়মূল্য ২২০ টাকা হলে ক্রয়মূল্য $১০০\% = ২০০$ টাকা। ৫০টি কলার ক্রয়মূল্য ২০০ টাকা হলে ১০০ টি কলার ক্রয়মূল্য ৪০০ টাকা।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৬১ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

৫৬. একজন বিক্রেতা টাকায় ৬টি ট্রিফি ক্রয় করে। ২০% লাভ করতে চাইলে টাকায় কয়টি ট্রিফি বিক্রয় করতে হবে?
ক. ৮টি খ. ৫টি গ. ১২টি ঘ. ১৪টি উত্তর: খ

সমাধান:

২০% লাভে ১টাকার ট্রিফির বিক্রয়মূল্য = ১.২ টাকা। (বেশি টাকা দেয়া থাকলেও একই নিয়মে করতে হবে।)

১.২ টাকায় বিক্রি করতে হবে = ৬টি তাহলে

১ টাকায় বিক্রি করতে হবে = $6 \div 1.2 = 5$ টি।

৫৭. ৫টাকায় ২টি করে কমলা কিনে ৩৫ টাকায় কয়টি কমলা বিক্রয় করলে ৪০% লাভ হবে?
ক. ৮টি খ. ১০টি গ. ১২টি ঘ. ১৪টি উত্তর: খ

সমাধান:

৪০% লাভে ৫ টাকার কমলার বিক্রয়মূল্য = ৫ এর ১৪০% = ৭টাকা।

এখন ৭টাকায় বিক্রি করতে হবে = ২টি।

তাহলে ৩৫ টাকায় (৭এর ৫গুণ) বিক্রি করতে হবে ২ এর ৫ গুণ = $2 \times 5 = 10$ টি।

৫৮. টাকায় ৫ টি দরে লেবু ক্রয় করে টাকায় কয়টা দরে লেবু বিক্রয় করলে ২৫% লাভ হবে?
ক. ৪টি খ. ১০টি গ. ১২টি ঘ. ১৪টি উত্তর: ক

সমাধান:

২৫% লাভে ১ টাকার লেবুর বিক্রয়মূল্য হবে ১ এর ১২৫% = ১.২৫ টাকা।

১.২৫টাকায় বিক্রি করতে হবে = ৫টি

$\therefore 1 \text{ " " " " " " } = \frac{5}{1.25}$ (১ টাকায় কম বিক্রি করতে হবে তাই ভাগ) = ৪ টি উত্তর: ৪টি

৫৯. টাকায় ১৫ টা দরে আমলকি ক্রয় করে ২৫% লাভে বিক্রয় করলে টাকায় কয়টি আমলকি বিক্রয় করতে হবে?
ক. ৮টি খ. ১০টি গ. ১২টি ঘ. ১৪টি উত্তর: গ

ব্যাখ্যা : ১ টাকার ১২৫% = ১.২৫। এরপর $15 \div 1.25 = 12$

৬০. ৪ টাকায় ৫টি কিনে ৫ টাকায় ৪টি বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? (২৭তম বিসিএস)
ক. ৪৫% খ. ৪৮.৫০% গ. ৫২.৭৫% ঘ. ৫৬.২৫% উত্তর: ঘ

সমাধান:

৪ এবং ৫ এর ল,সা,গু ২০ (ল.সা.গু ধরে হিসেব করলে ভগ্নাংশ আসবে না এবং দ্রুত মিলবে)

৫টি আমের ক্রয়মূল্য = ৪ টাকা \therefore ২০টি আমের ক্রয়মূল্য = $\frac{8 \times 20}{5} = 16$ টাকা আবার,

৪টি আমের বিক্রয়মূল্য = ৫ টাকা

\therefore ২০টি আমের বিক্রয়মূল্য = $\frac{5 \times 20}{8} = 25$ টাকা

\therefore লাভ = $25 - 16 = 9$ টাকা। \therefore লাভের হার = $\left(\frac{9}{16} \times 100 \right) = 56.25\%$

৬১. ১০ টাকায় ১২টি কিনে ১২ টাকায় ১০টি বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
ক. ২৫% খ. ৩০% গ. ৩২% ঘ. ৪৪% উত্তর: ঘ

সমাধান :

Number Tk

$$\begin{array}{r} 12 \times 10 = 100 \\ 10 \times 12 = 120 \\ \hline 20 \\ 88 \end{array} \quad \therefore \text{লাভ} = 88\%$$

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক

৬২. ৫৬০ টাকায় একটি চেয়ার কিনে কত টাকায় বিক্রয় করলে ২৫% লাভ হবে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]
- (ক) ৭০০ (খ) ৬৫০ (গ) ৮০০ (ঘ) ৭৫০ উত্তর: ক

ব্যাখ্যা : $৫৬০ + ৫৬০ \times \frac{২৫}{১০০} = ৭০০$ টাকা। (উত্তর)

৬৩. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রি করতে ২০% ক্ষতি হলো। এটি ৬০ টাকা বেশি মূল্যে বিক্রি করতে পারলে ১০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

- (ক) ২০০ টাকা (খ) ২২০ টাকা (গ) ৩৬০ টাকা (ঘ) ১৬০ টাকা উত্তর: ক

ব্যাখ্যা : Back Sloved Method এ এই সকল অঙ্ক খুব সহজে সমাধান করে ফেলা যায়। Back Sloved Method বলতে অপশনসমূহ দ্বারা প্রশ্নের শর্তসমূহের সত্যতা যাচাই করাকে বোঝায়।

২০% ক্ষতিতে বিক্রয় মূল্য = $২০০ - ২০০ \times \frac{২০}{১০০} = ১৬০$ । আবার, $১৬০ + ৬০ = ২২০ = ১০\%$ লাভে বিক্রয়মূল্য।

৬৪. ৫৩৫ টাকায় একটি জামা বিক্রি করে শতকরা ৭ ভাগ লাভ হয়। জামাটি কত টাকায় বিক্রি করলে শতকরা ২০ ভাগ ক্ষতি হবে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

- (ক) ৫০০ টাকা (খ) ৫৫০ টাকা (গ) ৪০০ টাকা (ঘ) ৪৫০ টাকা উত্তর: গ

ব্যাখ্যা : ক্রয়মূল্য = $\frac{৫৩৫ \times ১০০}{১০৭} = ৫০০$ টাকা।

∴ ২০% ক্ষতিতে বিক্রয়মূল্য = $৫০০ - ৫০০ \times \frac{২০}{১০০} = ৪০০$ টাকা। (উত্তর)

৬৫. যদি সয়াবিন তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

- (ক) ১৮ (খ) ২০ (গ) ২২ (ঘ) ১৬ উত্তর: খ

৬৬. এক দোকানদার ১২.৫% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রি করেন। যে মূল্য নিয়ে তিনি দ্রব্যটি বিক্রি করলেন তার চাইতে ৩০ টাকা বেশি মূল্যে বিক্রি করলে ক্রয় মূল্যের উপর ২৫% লাভ হত। ক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

- (ক) ৯০ (খ) ৮৫ (গ) ৮০ (ঘ) ৭৫ উত্তর: গ

৬৭. এক কুড়ি আম ৪০০ টাকায় ক্রয় করে ৫% লাভে বিক্রয় করা হল। এর ক্রয় মূল্য ৫% কম হলে কত টাকা লাভ হত? [প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০২০ (তৃতীয় পর্যায়)]

- (ক) ৪৫ (খ) ৪০ (গ) ৩৫ (ঘ) ৫০ উত্তর: খ

৬৮. ফলের দোকান থেকে ১৮০ কেজি ফজলি আম কিনে আনা হলো। দুই দিন পর ৯টি আম পচে গেল। শতকরা কতটি আম ভাল আছে? [প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০২০ (দ্বিতীয় পর্যায়)]

- (ক) ৯০ (খ) ৮০ (গ) ৮৫ (ঘ) ৯৫ উত্তর: ঘ

ব্যাখ্যা : $\frac{১৭১ \times ১০০}{১৮০} = ৯৫$ টি আম।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৬৩ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

৬৯. একটি দ্রব্য ৫০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে কত টাকা লাভ হতো? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার- ২০১৯]

- (ক) ৯০ (খ) ১২০ (গ) ১০০ (ঘ) ১১০ উত্তর: গ

ব্যাখ্যা: ১০% লাভে বিক্রয় মূল্য = ৫০০ + ৫০০ এর $\frac{১০}{১০০} = ৫৫০$ টাকা।

১০% কমে ক্রয়মূল্য = ৫০০ - ৫০০ এর $\frac{১০}{১০০} = ৪৫০$ টাকা।

∴ লাভ = ৫৫০ - ৪৫০ টাকা = ১০০ টাকা।

৭০. সোহেল একটি ঘড়ি ৬১২ টাকায় বিক্রয় করায় ১৫% ক্ষতি হলো। তার উদ্দেশ্য ছিল ১০% লাভে ঘড়িটি বিক্রয় করা। ২০% লাভ করতে হলে ঘড়িটির বিক্রয়মূল্য কত বাড়তে হতো? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার- ২০১৯]

- (ক) ১৫০ (খ) ১৪৮ (গ) ১৪৬ (ঘ) ১৪৪ উত্তর: ঘ

ব্যাখ্যা: ক্রয়মূল্য = $\frac{১০০ \times ৬১২}{৮৫} = ৭২০$ টাকা। ২০% লাভে বিক্রয়মূল্য = $\frac{১২০ \times ৭২০}{১০০} = ৮৬৪$ টাকা।

∴ তাকে বিক্রয়মূল্য বাড়তে হতো = ৮৬৪ - ৭২০ = ১৪৪ টাকা। (উত্তর)

৭১. ৬১২ টাকায় একটি ব্যাগ বিক্রয় করায় ১৫% ক্ষতি হয়। ব্যাগটি কত টাকায় বিক্রি করলে ১০% লাভ হবে? [জেলাভিত্তিক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৮]

- ক. ২০০ খ. ৬০০ টাকা গ. ৭০০ টাকা ঘ. ৭৯২ টাকা উ- ঘ

৭২. টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে? [জেলাভিত্তিক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৮]

- ক. ৪টি খ. ৩টি গ. ২টি ঘ. কোনটি নয় উ-

৭৩. একটি গাড়ি ৩৬০০০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলো। কত টাকায় বিক্রয় করলে ১৬% লাভ হবে? [প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৬]

- ক. ৫০০০০ টাকা খ. ৫৫০০০ টাকা গ. ৫৩০০০ টাকা ঘ. ৫২২০০ টাকা উ- ঘ

৭৪. নির্মাতা ও খুচরা বিক্রেতা উভয় ২০% লাভে একটি জিনিস বিক্রয় করে, যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ২০০ টাকা হয় তবে খুচরা মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]

- ক. ১৪৪ টাকা খ. ২৮৮ টাকা গ. ৩০০ টাকা ঘ. ১২০ টাকা উত্তর: খ

ব্যাখ্যা: ২০০ + ২০০ এর ২০% = ২০০ + ২০০ এর $\frac{২০}{১০০} = ২০০ + ৪০ = ২৪০$ (নির্মাতার বিক্রয়মূল্য)।

তাহলে, খুচরা বিক্রেতার বিক্রয়মূল্য = ২৪০ + ২৪০ এর ২০% = ২৪০ + ২৪০ এর $\frac{২০}{১০০} = ২৪০ + ৪৮ = ২৮৮$ টাকা (উত্তর)

৭৫. একটি জিনিস ২৫ টাকায় বিক্রি করায় ২৫% লাভ হল, জিনিসটির ক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]

- ক. ১৫ টাকা খ. ২০ টাকা গ. ১৭.৫০ টাকা ঘ. ১৮ টাকা উত্তর: খ

ব্যাখ্যা: জিনিসটির ক্রয়মূল্য = $\frac{২৫ \times ১০০}{১২৫} = ২০$ টাকা। (উত্তর)

৭৬. টাকায় ১০টি দরে লেবু ক্রয় করে ৮টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]

- ক. ১৫% খ. ২০% গ. ২৫% ঘ. ১০% উত্তর: গ

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৬৪ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

ব্যাখ্যা : লাভ = $\frac{১০ - ৮}{৮} \times ১০০ = ২৫\%$ (উত্তর)

৭৭. ৫০০ টাকার আম কত টাকায় বিক্রি করলে ৩.৫% লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]

ক. ৫১২.৫০ খ. ৫১৭.৫০ গ. ৫১৫.৫০ ঘ. ৫১০.০০ উত্তর: খ

ব্যাখ্যা : ৩.৫% লাভে বিক্রয়মূল্য = $৫০০ + ৫০০ \times \frac{৩.৫}{১০০} = ৫০০ + ১৭.৫ = ৫১৭.৫$ টাকা (উত্তর)

৭৮. একটি দ্রব্য ৪০০ টাকায় ক্রয় করে ২০% ক্ষতিতে বিক্রয় করা হল। দ্রব্যটির বিক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (আলফা) : ২০১৪]

ক. ৩২০ টাকা খ. ৩৫০ টাকা গ. ২৮০ টাকা ঘ. ২৪০ টাকা উত্তর: ক

ব্যাখ্যা : $৪০০ - ৪০০ \times \frac{২০}{১০০} = ৪০০ - ৮০ = ৩২০$ টাকা। (উত্তর)

৭৯. একটি সাইকেল ৭২০০ টাকায় বিক্রয় করায় ১০% ক্ষতি হয়। কত টাকা বিক্রয় করলে ১২% লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বিটা) : ২০১৪]

ক. ৭০০০ খ. ৮৯৬০ গ. ৬৫০০ ঘ. ৮০০০ উত্তর: খ

ব্যাখ্যা : ক্রয়মূল্য = $\frac{৭২০০ \times ১০০}{৯০} = ৮০০০$ টাকা। \therefore ১২% লাভে বিক্রয়মূল্য = $\frac{৮০০০ \times ১১২}{১০০} = ৮৯৬০$ টাকা। (উত্তর)

৮০. ৪ টাকায় একটি করে কমলা কিনে ২৪ টাকায় কয়টি কমলা বিক্রয় করলে ২০% লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বিটা) : ২০১৪]

ক. ৬টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি উত্তর: ঘ

৮১. একটি ঘড়ি ৫৬০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলে ঘড়িটির ক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (গামা) : ২০১৪]

ক. ৫০০ টাকা খ. ৬০০ টাকা গ. ৭০০ টাকা ঘ. ৮০০ টাকা উত্তর: গ

ব্যাখ্যা : ক্রয়মূল্য = $\frac{১০০ \times ৫৬০}{৮০} = ৭০০$ টাকা। (উত্তর)

৮২. একজন দোকানদার প্রতি হালি ডিম ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হোয়াংহো) : ২০১৩]

ক. লাভ ১২% খ. লাভ ১৪% গ. লাভ ১৬% ঘ. লাভ $১৬\frac{১}{২}\%$ উত্তর: ক

ব্যাখ্যা : $\frac{৫৬}{২} = ২৮ - ২৫ = ৩$ টাকা (লাভ)। \therefore শতকরা লাভ = $\frac{৩}{২৫} \times ১০০ = ১২\%$ (উত্তর)

৮৩. একটি ছাগল ৮% ক্ষতিতে বিক্রয় করা হলো। ছাগলটি আরও ৮০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করলে ৮% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হোয়াংহো) : ২০১৩]

ক. ৪৫০০ টাকা খ. ৫০০০ টাকা গ. ৫৫০০ টাকা ঘ. ৬০০০ টাকা উত্তর: খ

ব্যাখ্যা : Back Solved Method এ মাত্র ১০ সেকেন্ডে অঙ্কটি করে ফেলতে পারেন। অপশনগুলোর (ক্রয়মূল্য) সাথে ৮% ক্ষতি ও ৮% লাভ বের করে ব্যবধান বের করলে যদি ৮০০ হয়, তাহলে সেটিই হবে উত্তর।

৮% ক্ষতিতে, $৫০০০ - ৫০০০ \times \frac{৮}{১০০} = ৫০০০$ টাকা - ৪০০ টাকা = ৪৬০০ টাকা।

৮% লাভে, $৫০০০ + ৫০০০ \times \frac{৮}{১০০} = ৫০০০$ টাকা + ৪০০ টাকা = ৫৪০০ টাকা।

\therefore ব্যবধান = $৫৪০০ - ৪৬০০$
= ৮০০ টাকা। (উত্তর)

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৬৫ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

৮৪. একজন দোকানদার ১ ডজন বলপেন ৬০ টাকায় ক্রয় করে ৭২ টাকায় বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে?

[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হোয়াংহো): ২০১৩]

ক. ১৬% খ. ১৮% গ. ২০% ঘ. ২২% উত্তর: গ

$$\text{ব্যাখ্যা: } \frac{12}{60} \times 100 = 20\% \text{ (উত্তর)}$$

৮৫. একজন কলা বিক্রেতা ১ হালি কলা ২০ টাকায় ক্রয় করে ১৮ টাকা বিক্রয় করলেন। এতে তাঁর শতকরা কত ক্ষতি হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বিলাম): ২০১৩]

ক. ১০% খ. ১২% গ. ১৩% ঘ. ১৫% উত্তর: ক

$$\text{ব্যাখ্যা: ক্ষতি} = \frac{2}{20} \times 100 = 10\% \text{ (উত্তর)}$$

৮৬. ৭৫ টাকায় ১৫টি বলপেন কিনে ৯০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বিলাম): ২০১৩]

ক. ১৬% খ. ১৮% গ. ২০% ঘ. ২১% উত্তর: গ

$$\text{ব্যাখ্যা: লাভ} = \frac{15}{90} \times 100 = 20\% \text{ (উত্তর)}$$

৮৭. একজন দোকানদার কিছু ডাল ২৩৭৫ টাকায় বিক্রয় করায় তার ৫% ক্ষতি হলো। ঐ ডাল কত টাকায় বিক্রয় করলে, তার ৬% লাভ হতো? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বিলাম): ২০১৩]

ক. ২৫০০ টাকা খ. ২৫৫০ টাকা গ. ২৬০০ টাকা ঘ. ২৬৫০ টাকা উত্তর: ঘ

$$\text{ব্যাখ্যা: } \frac{2375 \times 100}{95} = 2500 \text{ টাকা (ক্রয়মূল্য)}$$

$$\therefore 6\% \text{ লাভে বিক্রয় মূল্য} = 2500 + 2500 \text{ এর } 6\% = 2500 + 2500 \text{ এর } \frac{6}{100} = 2500 + 150 = 2650 \text{ টাকা}$$

৮৮. শতকরা ৫ টাকা হার লাভে ২০ বছরে লাভ মূলধনে ৫০,০০০ টাকা হলে মূলধন কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দানিয়ুব): ২০১৩]

ক. ২০,০০০ টাকা খ. ৩৫,০০০ টাকা গ. ২৫,০০০ টাকা ঘ. ৩০,০০০ টাকা উত্তর: গ

৮৯. এক ব্যক্তি একটি দ্রব্য ১২০০ টাকায় কিনে ১৫% লাভে বিক্রয় করল। ক্রেতা ঐ দ্রব্য তৃতীয় এক ব্যক্তির ৫% ক্ষতিতে বিক্রয় করল। শেষ বিক্রয় মূল্য কত ছিল? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দানিয়ুব): ২০১৩]

ক. ১২৮০ টাকা খ. ১২৮১ টাকা গ. ১৩১০ টাকা ঘ. ১৩১১ টাকা উত্তর: ঘ

৯০. এক বাস্ক আঙ্গুর ২৭৫০ টাকায় বিক্রয় করায় ৪৫০ টাকা ক্ষতি হলো। ঐ আঙ্গুর ৩৬০০ টাকায় বিক্রয় করলে কত লাভ বা ক্ষতি হতো? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দাজলা): ২০১৩]

ক. ৩০০ টাকা লাভ খ. ৩৫০ টাকা লাভ
গ. ৪০০ টাকা লাভ ঘ. ৪৫০ টাকা লাভ উত্তর: গ

৯১. একজন চা ব্যবসায়ী এক বাস্ক চা পাতা কেজি প্রতি ৮০ টাকা হিসাবে ক্রয় করেন। সব চা পাতা কেজি প্রতি ৭৫ টাকা দরে বিক্রয় করায় ৫০০ টাকা ক্ষতি হয়। তিনি কত কেজি চা পাতা ক্রয় করেছিলেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দাজলা): ২০১৩]

ক. ৮৫ কেজি খ. ৯০ কেজি গ. ৯৫ কেজি ঘ. ১০০ কেজি উত্তর: ঘ

৯২. একটি ছাগল ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দাজলা): ২০১৩]


ক. ২৯০০ টাকা খ. ৩০০০ টাকা গ. ৩২০০ টাকা ঘ. ৩৫০০ টাকা উত্তর: খ

৯৩. টাকায় ৫টি দরে লেবু ক্রয় করে টাকায় কয়টা দরে লেবু বিক্রয় করলে ২৫% লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দাজলা): ২০১৩]

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬৬৬ # টপিকভিত্তিক জব সলিউশন [বিসিএস + প্রাইমারি]

- ক. ৬ টা খ. ৫ টা গ. ৪ টা ঘ. ৩ টা উত্তর: গ
৯৪. টাকায় ৩টি করে জিনিস ক্রয় করে টাকায় ২টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দাঙ্গলা): ২০১৩]
- ক. ৫০% খ. ২৫% গ. ১৫% ঘ. ১০% উত্তর: ক
৯৫. একটি ছাগল ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দাঙ্গলা): ২০১৩]
- ক. ২৯০০ টাকা খ. ৩০০০ টাকা গ. ৩২০০ টাকা ঘ. ৩৫০০ টাকা উত্তর: খ

ইনসেপশন অ্যাপে প্রতিদিনই এমন গুরুত্বপূর্ণ নোট আপলোড করা হয়। তাই ইনসেপশনের মাসিক প্যাকেজ ক্রয় করে সাথে থাকুন।



অনুপাত-সমানুপাত

১০ম বিসিএস থেকে ৪৪তম বিসিএস
প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্ন

অনুপাত-সমানুপাত

০১. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৪:১, তাদের মোট বয়স ৫০ বছর হলে কার বয়স কত?

ক. ৪০ ও ১০

খ. ৪২ ও ১২

গ. ৩৭ ও ১৩

ঘ. ৩৬ ও ১৪

উত্তর: ক

সমাধান:

পিতার ৪ অংশ + পুত্রের ১ অংশ = মোট ৫ অংশ, আবার মোট বয়স ৫০ বছর।

তাই ৫ অংশের মান = ৫০ বছর। তাহলে ১ অংশের মান $\frac{৫০}{৫} = ১০$ বছর।

পিতার বয়স = ৪ অংশ $\times ১০ = ৪০$ বছর এবং পুত্রের বয়স = ১ অংশ $\times ১০ = ১০$ বছর।

এখানে মনে রাখবেন অনুপাতের মধ্যকার সংখ্যাগুলো অনুযায়ী অংশ ধরা হয় এবং যত অংশের মান দেয়া থাকে সেই অংশকে ভাগ করে প্রথমে এক অংশের মান বের করার পর যার অংশ বের করতে বলে তার অংশ বের করতে হয়। যেমন:

০২. দুইটি সংখ্যার অনুপাত ৫:৭ এবং এদের যোগফল ১০৮। বৃহত্তম সংখ্যাটি কত?

ক. ৪২

খ. ৪৯

গ. ৫৬

ঘ. ৬৩

উত্তর: ঘ

সমাধান:

$৫ + ৭ = ১২$ অংশের মান ১০৮ হলে ১ অংশের মান $১০৮ \div ১২ = ৯$ তাহলে বড় সংখ্যাটি $= ৯ \times ৭ = ৬৩$

অপশন ও প্রশ্নের শর্ত বুঝে সমাধান করুন
 $৪০ : ১০ = ৪ : ১$
 $৪০ + ১০ = ৫০$

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ২ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

০৩. করিম ও রহিমের বেতনের অনুপাত ৭ : ৫। করিমের বেতন রহিমের বেতন অপেক্ষা ৪০০ টাকা বেশী হলে করিমের কাছে মোট কত টাকা আছে?

ক. ১০০০ খ. ১২০০ গ. ১৩০০ ঘ. ১৪০০ উত্তর: ঘ

সমাধান:

প্রথমে অনুপাতের বিয়োগ ফল অর্থাৎ $৭-৫ = ২$
এখন এই ২ ভাগ = ৪০০ টাকা তাই ১ ভাগ = ২০০ টাকা
এখন করিম = ৭ভাগ = $৭ \times ২০০ = ১৪০০$ ।

$$\begin{aligned} ১৪০০ : ১০০০ &= ৭ : ৫ \\ ১৪০০ - ১০০০ &= ৪০০ \end{aligned}$$

০৪. ২টি সংখ্যার যোগফল ৮। যদি সংখ্যাগুলো ৩ : ১ অনুপাতে থাকে, তবে সংখ্যাগুলোর গুণফল কত হবে?

ক. ১০ খ. ২০ গ. ১২ ঘ. ১৪ উত্তর: গ

সমাধান : প্রথমে ১ অংশের মান বের করুন তারপর
অনুপাতের সংখ্যা দিয়ে গুণ করে উত্তর বের করুন,
৮ হচ্ছে ৪ অংশের মান।

$$\begin{aligned} \text{অনুমানের শক্তি বাড়তে হবে } ৬ : ২ = ৩ : ১ \\ ৬ + ২ = ৮; ৬ \times ২ = ১২ \text{ (উত্তর)} \end{aligned}$$

০৫. দুইটি রাশির অনুপাত ৬ : ১১। উত্তর রাশি ৯৯ হলে, পূর্ব রাশি কত?

ক. ২৯ খ. ৩০ গ. ৫৪ ঘ. ৪৫ উত্তর: গ

সমাধান:

পূর্ব রাশি হচ্ছে প্রথম রাশি এবং উত্তর রাশি হচ্ছে ২য় রাশি।
এখানে উত্তর রাশি ১১ অংশের মান = ৯৯।
তাহলে সংখ্যাটি ৯ গুণ বেড়ে গেছে।

$$\frac{৬}{১১} = \frac{x}{৯৯} \text{ বা, } x = \frac{৬ \times ৯৯}{১১} = ৫৪ \text{ (উত্তর)}$$

সুতরাং অপর রাশিটিও সমান অনুপাতে ৯ গুণ বেড়ে হয়ে যাবে $৬ \times ৯ = ৫৪$ ।

০৬. যদি দুটি সংখ্যার অনুপাত ৪ : ৩ হয়, তবে নিচের কোন সংখ্যাটি ঐ দুটি সংখ্যার যোগফল হতে পারবে না।

(ক) ১১২ (খ) ১৫৪ (গ) ১৭৮ (ঘ) কোনটিই নয় উত্তর: গ

সমাধান: দুটি সংখ্যার অনুপাত ৪:৩ হলে ঐ সংখ্যাদুটির যোগফল অবশ্যই অনুপাতের যোগফল দিয়ে নিঃশেষে বিভাজ্য হতে হবে। প্রশ্নে প্রদত্ত অপশন গুলোর মধ্যে শুধু ১৭৮ কে ৭ দিয়ে ভাগ করা যাচ্ছে না বলে এটাই উত্তর।

০৭. একটি পাত্রে লাল ও সবুজ বলের অনুপাত ৩ : ১। পাত্রে যদি শুধু দুই ধরনের বল থাকে, তবে নিম্নের কোনটি সর্বমোট বলের সংখ্যা হতে পারে না?

(ক) ৯৬ (খ) ৮০ (গ) ৭২ (ঘ) ৫৪ উত্তর: ঘ

সমাধান: ৩ : ১ অর্থ হচ্ছে ৩ + ১ বা মোট চার ভাগ করতে হবে। এখন ৫টি বল থাকলে যেমন ৪ ভাগ করা যায় না তেমনি অপশনের একটি সংখ্যা আছে যাকে ৪ দিয়ে ভাগ করা যায় না, তাই মোট বলের সংখ্যা ৫৪ হতে পারে না। কেননা ৫৪ টি হলে ৩ : ১ অর্থাৎ মোট ৪ ভাগ করা সম্ভবই না। কিন্তু অন্য প্রতিটি সংখ্যাকে ৪ দ্বারা ভাগ করা যায়।

০৮. কোনো স্কুলে মোট ২০০ জন শিক্ষার্থীর মধ্যে ১৫০ জন ছাত্র। ছাত্র এবং ছাত্রীর অনুপাত কত?

ক. ৩:১ খ. ৫:১ গ. ৪:২ ঘ. ৪:১ উত্তর: ক

সমাধান : $১৫০ : ৫০ = ৩ : ১$ ।

০৯. একটি দ্রব্য ২৫% লাভে বিক্রয় করলে উহার ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত হবে?

ক. ৫ : ৪ খ. ৪ : ৫ গ. ৫ : ৬ ঘ. ৫ : ৭ উত্তর: খ

সমাধান: ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = $১০০ : ১২৫ = ৪ : ৫$ ।

১০. একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত?

(২৬তম বিসিএস)
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ উত্তর: ক

সমাধান: এখানে দুধ ও পানির অনুপাতের পার্থক্য হলো $৫ - ১ = ৪$
এবং এই ৪ অংশের মান দেয়া আছে ৮। তাহলে প্রতি ১ অংশের মান হবে $৮ \div ৪ = ২$ । পানির অনুপাত ১ কে ১ অংশের মান দ্বারা গুণ করলে উত্তর হবে $১ \times ২ = ২$ ।

$$\begin{aligned} ৫ : ১ &= ১০ : ২ \\ ১০ - ২ &= ৮। \end{aligned}$$

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ৪ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

সমাধান : ৪০ এর $\frac{১০}{৩ + ৭ + ১০} = ২০$ মিটার।

১৭. ১০০০ টাকা ক ও খ ১ : ৪ অনুপাতে ভাগ করে নেয়। খ-এর অংশ সে এবং তার মা ও ২ মেয়ের মধ্যে ২ : ১ : ১ অনুপাতে ভাগ করে। প্রত্যেক মেয়ে কত টাকা পাবে? [২১তম বিসিএস]

ক. ১৫০ টাকা খ. ২০০ টাকা গ. ৩০০ টাকা ঘ. ৩৫০ টাকা উত্তর: খ

সমাধান: প্রথমে ১০০০ টাকাকে ১ : ৪ বা ১+৪ = ৫ অংশে ভাগ করলে প্রতি অংশে $১০০০ \div ৫ = ২০০$ অর্থাৎ ক = ২০০ এবং খ = $২০০ \times ৪ = ৮০০$ এরপর খ এর ৮০০ টাকা মা ও মেয়ের মধ্যে ভাগ করলে ২ + ১ + ১ = ৪ অংশ = ৮০০ হলে ১ অংশ = $৮০০ \div ৪ = ২০০$

১০০০ এর $\frac{৪}{১+৪} = ৮০০$ (খ এর অংশ)
প্রত্যেক মেয়ে পাবে = ৮০০ এর $\frac{১}{৪} = ২০০$ টাকা।

১৮. ৯৪৫০ টাকা ২ : ৩ : ৪ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতর অংশের পার্থক্য কত হবে?

ক. ২১০০ খ. ২২০০ গ. ২৩০০ ঘ. ২৪০০ উত্তর: ক

সমাধান : বৃহত্তর ও ক্ষুদ্রতর অংশের পার্থক্য = ৯৪৫০ এর $\frac{৪-২}{৯} = ২১০০$ ।

১৯. ক এবং খ এর বেতনের অনুপাত ৩ : ২। যদি ক এর বেতন ১৮০০০ টাকা হয়, তাহলে তাদের মোট বেতন কত টাকা?

ক. ৩০০০০ খ. ২২০০০ গ. ২৩০০০ ঘ. ২৪০০০ উত্তর: ক

সমাধান : $\frac{১৮০০০}{১২০০০} = ৩ : ২$ এবং মোট বেতন = $১৮০০০ + ১২০০০ = ৩০০০০$ টাকা।

সমানুপাত বের করা:

চারটি রাশি সমানুপাতী হলে প্রান্তীয় (প্রথমটি ও চতুর্থটি) রাশি দুইটির মানের গুণফল মধ্যরাশি দুইটির মানের গুণফলের সমান হবে। অর্থাৎ প্রথম ও শেষ রাশিটির গুণফল মধ্যের দুটি রাশির গুণফলের সমান হবে। যেমন: $a : b = b : c$ হলে, $\frac{a}{b} = \frac{b}{c}$ বা, $b^2 = ac$ [অর্থাৎ অনুপাতের প্রথম রাশিটি সবসময় উপরে বসে।]

২০. ৩, ৯, ৪-এর চতুর্থ সমানুপাতিক কোনটি? [৩০তম বিসিএস]

ক. 12 খ. 14 গ. 16 ঘ. 18 উত্তর : ক

সমাধান:

ধরি, ৪র্থ রাশিটি = x

তাহলে আমার অনুপাতটিকে সাজাই $3 : 9 = 4 : x$

এখন $\frac{3}{9} = \frac{4}{x}$ বা, $3x = 36$

$\therefore x = \frac{36}{3} = 12$

প্রশ্নে অংকটি দেখেই ৩, ৯, ৪ এর মধ্যে মাঝখানের দুটির গুণফল ৩৬ তাহলে প্রথম ও শেষ রাশিটির গুণফলও ৩৬ হবে। এখানে, প্রথম রাশি দেয়া আছে ৩, তাহলে শেষ রাশিটি হবে $৩৬ \div ৩ = ১২$ ।

২১. ১০, ৪০ এবং ৫০ এর চতুর্থ সমানুপাতিক কত?

ক. ২০০ খ. ৩০০ গ. ৪০০ ঘ. ৫০০ উত্তর: ক

সমাধান : মাঝের সংখ্যা দুটির গুণফল = $৪০ \times ৫০ = ২০০০$ ।

প্রথম ও শেষ সংখ্যা দুটির গুণফল ২০০০ হবে। $\frac{২০০০}{১০} = ২০০$ (উত্তর)

২২. টিপুর বোনের বয়স টিপুর বয়সের এবং তার বাবার বয়সের মধ্য সমানুপাতী। টিপুর বয়স ১২ বছর, তার বাবার বয়স ৪৮ বছর হলে, তার বোনের বয়স কত? [বাতিসকৃত ২৪তম বিসিএস]

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ৫ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

ক. ১২ খ. ২৪ গ. ১৬ ঘ. ১৮ উত্তর: খ

সমাধান:

ধরি, টিপুর বোনের বয়স = ক

শর্তকাট: $১২ \times ৪৮ = ৫৭৬$ এর বর্গমূল = ২৪

$১২ : ক :: ক : ৪৮$ বা, $\frac{১২}{ক} = \frac{ক}{৪৮} \Rightarrow ক^২ = ৫৭৬$

$\therefore ক = ২৪$ সুতরাং টিপুর বোনের বয়স = ২৪ বছর।

২৩. ৯ ও ১৬-এর মধ্য সমানুপাতী কত?

ক. ১২ খ. ১৪ গ. ১৬ ঘ. ১৮ উত্তর: ক

সমাধান : প্রথম ও মাঝের একটি রাশি একটি সংখ্যাই হবে, তাই $৯ \times ১৬ = ১৪৪$ এর বর্গমূল ১২ ই হবে উত্তর।

ভগ্নাংশের অনুপাত

যে কোন ক্ষেত্রে অনুপাতে ভগ্নাংশ আসলে তাকে পূর্ণ সংখ্যায় পরিণত করতে হয়। যেমন: $\frac{১}{২} : \frac{১}{৫}$ এখানে তাই $\frac{১}{২} > \frac{১}{৫}$ তাই এই ভগ্নাংশটিকে প্রথমে হরগুলোর ল,সা,গু করে সবগুলো ভগ্নাংশের সাথে তা গুণ করে কাটাকাটি করতে হয়। তারপর যা অবশিষ্ট থাকবে তাই উত্তর। যেমন: $\frac{১}{২} : \frac{১}{৩} : \frac{১}{৫} = \frac{১}{২} \times ৩০ : \frac{১}{৩} \times ৩০ : \frac{১}{৫} \times ৩০ = ১৫ : ১০ : ৬$

২৪. ২৬১ টি আম তিন ভাইয়ের মধ্যে $\frac{১}{৩} : \frac{১}{৫} : \frac{১}{৯}$ অনুপাতে ভাগ করে দিলে প্রথম ভাই কতটি আম পাবে? (৩৭-তম বিসিএস)

(ক) ৪৫ (খ) ৪১ (গ) ৯০ (ঘ) ১৩৫ উত্তর: ঘ

সমাধান: যে কোন অনুপাতের অংকে ভগ্নাংশ আসলে প্রথমে ঐ ভগ্নাংশগুলোকে তাদের হরের ল.সা.গু দিয়ে গুণ করে পূর্ণ

সংখ্যায় পরিণত করতে হয়। $\frac{১}{৩} : \frac{১}{৫} : \frac{১}{৯}$ হরগুলোর ল.সা.গু = ৪৫

সুতরাং পূর্ণ সংখ্যায় অনুপাত হবে $\frac{১}{৩} \times ৪৫ : \frac{১}{৫} \times ৪৫ : \frac{১}{৯} \times ৪৫ = ১৫ : ৯ : ৫$

এখন অনুপাতের যোগফল $১৫ + ৯ + ৫ = ২৯$ সুতরাং প্রথম ভাই পাবে ২৬১ এর $\frac{১৫}{২৯} = ১৩৫$ টি।

দুটি ভিন্ন অনুপাতকে এক অনুপাতে পরিণত করা

২৫. ক : খ = ২ : ৩ এবং খ : গ = ৪ : ৫ হলে ক : খ : গ = কত?

ক. ৮ : ১২ : ১৫ খ. ৮ : ১৪ : ১৫ গ. ৮ : ১৫ : ১৬ ঘ. ৮ : ১২ : ১৮ উত্তর: ক

সমাধান:

টিপস: এরকম দুটি অনুপাতকে একটি অনুপাতে পরিণত করতে হলে প্রথমে খেয়াল করুন যে, অনুপাত দুটিতে মোট ৪টি রাশির মান দেয়া থাকলেও মোট ব্যক্তি কিন্তু তিনজন। অর্থাৎ খ দুবার আছে। তাই এদেরকে তিনটি রাশিতে সাজাতে হবে। এক্ষেত্রে দুটি অনুপাতই সোজাসুজি উপর নিচে লিখতে হবে এভাবে-

ক : খ = ২ : ৩	ক : খ :: খ : গ = ৮ : ১২ :: ১২ : ১৫	নিচের খ এর মান দিয়ে প্রথমে উপরের ক এর অনুপাতকে এবং পরে খ এর অনুপাতকে গুণ। এরপর উপরের খ এর মান দিয়ে প্রথমে খ এবং পরে গ কে গুণ দিয়ে মানগুলো লিখুন। যে রাশি মিল থাকে তা দিয়ে গুণ করতে হয়।
খ : গ = ৪ : ৫	ক : খ : গ = ৮ : ১২ : ১৫	

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ৭ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

সমাধান:

ধরি, সংখ্যা দুটি: = ৫ক এবং ৮ক

প্রশ্নমতে,

$$৫ক + ১৫ : ৮ক + ১৫ = ১০:১৩$$

সমাধান করে পাই $ক = ৩$

সুতরাং সংখ্যা দুটির যোগফল = $৫ক + ৮ক = ১৩ক = ১৩ \times ৩ = ৩৯$ । (উত্তর)

অপশনের মধ্যে শুধু ৩৯ কে অনুপাত ছয়ের যোগফল $৮ + ৫ = ১৩$ দিয়ে ভাগ করা যায়।

৩২. দুটি সংখ্যার অনুপাত ৪ : ৭। সংখ্যা দুটির সাথে ৩ যোগ করলে অনুপাতটি ৫ : ৮ হয়। সংখ্যা দুটি কি কি?

ক. ৮, ১২

খ. ৯, ১৪

গ. ৮, ১৫

ঘ. ১২, ২১

উত্তর: ঘ

সমাধান: $\frac{৪}{৭} = \frac{১২ + ৩}{২১ + ৩}$ [সংখ্যা দুটির সাথে ৩ যোগ করে] = $\frac{৫}{৮}$

৩৩. একটি ধলেতে ২৫ পয়সা, ১০ পয়সা, ও ৫ পয়সার মুদ্রা ৩ : ৪ : ৫ অনুপাতে আছে। যদি সবগুলো মিলিয়ে ২৮ টাকা হয়, তাহলে ১০ পয়সার মুদ্রা কতটি?

ক. ৮০টি

খ. ৬০টি

গ. ১০০টি

ঘ. ১১০টি

উত্তর: ক

সমাধান:

ধরি, ধলেটিতে ২৫ পয়সার মুদ্রা আছে ৩ক,

১০ পয়সার মুদ্রা আছে ৪ক এবং ৫ পয়সার মুদ্রা আছে ৫কটি।

প্রশ্নমতে,

$$২৫ \times ৩ক + ১০ \times ৪ক + ৫ \times ৫ক = ২৮ \times ১০০$$

[সবগুলো পয়সা তাই পয়সা বানানো হলো।]

$$৭৫ক + ৪০ক + ২৫ক = ২৮০০$$

$$১৪০ক = ২৮০০$$

$$\therefore ক = ২০ \therefore ১০ পয়সার মুদ্রা আছে = ৪ \times ২০ = ৮০টি।$$

$$৮০টি ১০ পয়সা = ৮ টাকা$$

$$২৫ পয়সার মুদ্রা ৩ \times ২০ = ৬০টি = ১৫ টাকা$$

$$এবং ৫ \times ২০ = ১০০টি ৫ পয়সার মুদ্রা = ৫ টাকা$$

$$মিলে মোট ৮ + ১৫ + ৫ = ২৮ টাকা।$$

বয়সের অনুপাত

৩৪. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ : ৩। পুত্রের বয়স ২৪ বছর হলে পিতার বয়স কত?

ক. ৫০ বছর

খ. ৫২ বছর

গ. ৫৪ বছর

ঘ. ৫৬ বছর

উত্তর: ঘ

সমাধান: $\frac{৭}{৩} = \frac{x}{২৪}$ বা, $x = \frac{৭ \times ২৪}{৩} = ৫৬$ (উত্তর)

৩৫. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ : ২। পিতার বর্তমান বয়স ৪২ বছর, ১০ বছর পূর্বে পুত্রের বয়স কত ছিল?

ক. ২ বছর

খ. ৮ বছর

গ. ৩ বছর

ঘ. ৭ বছর

উত্তর: ক

সমাধান: $\frac{৭}{২} = \frac{৪২}{x}$ বা, $x = \frac{৪২ \times ২}{৭} = ১২$ বছর। ১০ বছর পূর্বে পুত্রের বয়স ছিল = $১২ - ১০ = ২$ বছর। (উত্তর)

৩৬. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ : ৩ এবং ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত ৯ : ৫ হবে। তাদের বর্তমান বয়স কত?

ক. পিতা ৫৩ বছর, পুত্র ১৫ বছর

খ. পিতা ৩৫ বছর, পুত্র ১২ বছর

গ. পিতা ৫৩ বছর, পুত্র ১১ বছর

ঘ. পিতা ৩৫ বছর, পুত্র ১৫ বছর

উত্তর: ঘ

সমাধান:

ধরি, পিতার বয়স = $7x$ এবং পুত্রের বয়স = $3x$

প্রশ্নমতে, $\frac{7x+10}{3x+10} = \frac{9}{5}$ বা, $35x + 50 = 27x + 90$ বা, $35x - 27x = 90 - 50$ বা, $8x = 40 \therefore x = 5$

সুতরাং পিতার বয়স = $৭ \times ৫ = ৩৫$ বছর এবং পুত্রের বয়স = $৩ \times ৫ = ১৫$ বছর।

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ৮ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

৩৭. বর্তমানে পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৫ : ২। দশ বছর পর তাদের অনুপাত হবে ২ : ১। পিতার বর্তমান বয়স কত?
ক. ৫৬ বছর খ. ৫০ বছর গ. ৫২ বছর ঘ. ২৬ বছর উত্তর: খ
- সমাধান: $\frac{৫}{২} = \frac{৫০}{২০} = \frac{৫০-১০}{২০-১০} = \frac{৪০}{১০} = ৪ : ২$ [এভাবে অপশন দেখে প্রশ্ন সমাধান করা যায়। অনুশীলন বেশি করলে এই বিষয়গুলো খুব সহজেই মাথায় চলে আসবে।]

মিশ্রণের অনুপাত

সাধারণ অনুপাতের অংশ গুলো ভালোভাবে করার পর নিচের আলোচনাটি ভালো করে পড়ুন। খুবই গুরুত্বপূর্ণ নিয়ম। কেননা, এখান থেকে প্রশ্ন প্রায়ই আসে।

৩৮. 60 লিটার ফলের রসে আম ও কমলার অনুপাত 2:1। কমলার রসের পরিমাণ কত লিটার বৃদ্ধি করলে অনুপাতটি 1:2 হবে?
[৩৫তম বিসিএস]

(ক) 40 (খ) 60 (গ) 50 (ঘ) 70 উত্তর: খ

সমাধান:

লিখিত সমাধান : প্রথমে আম ও কমলার রসের পরিমাণ আলাদা করে বের করলে অনুপাতের যোগফল $2 + 1 = 3$ থেকে

$$\text{আম} = 60 \text{ এর } \frac{2}{3} = 40 \text{ লিটার}$$

$$\text{এবং কমলা} = 60 \text{ এর } \frac{1}{3} = 20 \text{ লিটার।}$$

$$\text{আম : কমলা} = 40 : 20$$

$$\text{আম : কমলা} = 40 : (20 + 60) = 40 : 80 = 1 : 2$$

প্রশ্নের শর্ত পূরণের জন্য অপশন থেকে ৬০ নিয়ে যোগ করে প্রমাণ করা হলো।

ধরি, নতুন করে কমলা মেশাতে হবে = x লিটার।

প্রশ্নমতে,

$$40 : 20 + x = 1 : 2$$

(আম আগের ৪০ ই আছে কমলা x যোগ করার পর নতুন অনুপাত = ১:২)

$$\text{বা, } \frac{40}{20+x} = \frac{1}{2} \text{ বা, } 20+x = 80$$

$\therefore x = 60$ সুতরাং নতুন করে কমলা মেশাতে হবে ৬০ লিটার।

এই প্রশ্নগুলোর উত্তর খুব দ্রুত মুখে মুখে দেয়ার জন্য নিচের পদ্ধতিটি অনুসরণ করতে পারেন।

প্রথমে অনুপাত আম : কমলা = ৪০ : ২০ (পরিমাণ বের করে এভাবে লিখতে হবে)

নতুন অনুপাত আম : কমলা = ১ : ২

এখানে, যেহেতু কমলা মেশাতে হবে তাই আগের আম যা ছিল তা - ই আছে। অর্থাৎ আগের ৪০ লিটার আম বর্তমানেও ৪০ আছে কিন্তু ২য় অনুপাতে আগের অনুপাত -এর মান ১ অংশ। এখন ১ অংশ যদি ৪০ হয়, তাহলে ২ অংশের মান হবে $৪০ \times ২ = ৮০$ অর্থাৎ ৮০ লিটার কমলার রস প্রয়োজন। কিন্তু পূর্ব থেকেই কমলার রস আছে ২০ লিটার, তাই বৃদ্ধি করতে হবে = $৮০ - ২০ = ৬০$ লিটার। উত্তর: ৬০ লিটার।

৩৯. ৩২ গ্রাম মিশ্রণে সোনা ও তামার অনুপাত ৫:৩। কি পরিমাণ সোনা মেশালে অনুপাতটি ৭:৩ হবে?

ক. ২ গ্রাম খ. ৮ গ্রাম গ. ৩ গ্রাম ঘ. ৭ গ্রাম উত্তর: খ

সমাধান:

প্রথমে অনুপাত ছিল, ৫:৩। পরে সোনা মিশিয়ে হয়ে গেছে ৭ : ৩। অর্থাৎ সোনা ২ অংশ বেড়েছে। কিন্তু তামা আগের ৩ ই আছে। তাই $৫ + ৩ = ৮$ অংশের মান ৩২ হলে ১ অংশ = $৩২ \div ৮ = ৪$ \therefore বৃদ্ধি প্রাপ্ত ২ অংশের মান $৪ \times ২ = ৮$ ।

৪০. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩:১। এতে কি পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪:১ হবে?
[২১তম বিসিএস]

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ৯ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

ক. ৮ গ্রাম খ. ১০ গ্রাম গ. ১৬৫ গ্রাম ঘ. ৪ গ্রাম উত্তর: ঘ

সমাধান : ৩:১ হয়ে গেছে ৪:১। তাহলে, সোনা বেড়েছে $৪-৩ = ১$ অংশ যার মান $\frac{১৬}{৪} = ৪$ (উত্তর)

৪১. ৪২ গ্রাম গুজনের একটি গয়নায় সোনা ও তামার অনুপাত ৪:৩। এতে আর কত সোনা মিশালে সোনা ও তামার অনুপাত ৫:৩ হবে?

ক. ৬ গ্রাম খ. ১০ গ্রাম গ. ১৫ গ্রাম ঘ. ১৫ গ্রাম উত্তর: ক

৪২. ৬০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩ : ৭ হবে? [১০তম বিসিএস]

ক. ২০ খ. ৪০ গ. ৬০ ঘ. ৮০ উত্তর: ঘ

সমাধান:

লিখিত নিয়মে উপরের মত করেই প্রশ্নমতে লাইনটা হবে ($৪২ + ক:১৮ = ৩ : ৭$)।

$৪২ : ১৮$ এর ৪২ ই পরের $৩ : ৭$ এর ৩ অংশের মান তাই ১ অংশ = $৪২ \div ৩ = ১৪$ ।

সুতরাং পেট্রোল ৭ অংশ হবে $১৪ \times ৭ = ৯৮$ ।

কিন্তু আগে থেকেই ১৮ থাকায় নতুন করে মেশাতে হবে $৯৮-১৮ = ৮০$ লিটার।

মনে রাখবেন, যেটা মেশাতে হবে না সেটার পরিমাণ অপরিবর্তিত।

তাই তাকে নিয়ে হিসেব করা সহজ হবে।

৪৩. ৯০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩:৭ হবে?

ক. ১২০ লিটার খ. ১২২ লিটার গ. ১২৪ লিটার ঘ. ১২৬ লিটার উত্তর: ক

সমাধান :

$\begin{array}{ccc} ৭ & : & ৩ \text{ (ছিল)} \\ & \diagdown & / \\ & ৯০ & \\ & / & \diagdown \\ ৩ & : & ৭ \text{ (করতে হবে)} \end{array}$	<p>(ছিল) = অনুপাতের যোগফল = ১০। তাহলে কেরোসিন : পেট্রোল = ৬৩ : ২৭</p> <p>মিশ্রণে পেট্রোল মেশাতে হবে = ৬৩ : ২৭ + ১২০ = ৬৩ : ১৪৭ = ৩ : ৭</p> <p>[এভাবে অপশন দেখেই সমাধান করার চেষ্টা করতে পারেন।]</p>
--	---

৪৪. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত ৩ : ৭ হবে? [সাব-রেজিস্ট্রার-০১]

ক. ৪০ লিটার খ. ৫০ লিটার গ. ৪৪ লিটার ঘ. ৪২ লিটার উত্তর: ক

সমাধান : মিশ্রণে এসিডের পরিমাণ = ৩০ লিটার এর $\frac{৭}{১০} = ২১$ লিটার এবং পানির পরিমাণ = ৯ লিটার।

অপশন থেকে পানির পরিমাণ তুলে নিয়ে এসিড ও পানির অনুপাত = $\frac{২১}{৯ + ৪০} = ৩ : ৭$

এই সকল অংক সমাধান করার জন্য কোন শর্টকাট সূত্রের দিকে ঝুঁকবেন না। কারণ, মূল বিষয়টা ধরতে পারলে এই ধরনের অংক করতে ৫ সেকেন্ডের বেশি সময় লাগে না।

মিশ্রণের প্রশ্ন % এ দেয়া থাকলে

৪৫. ২০ কেজি পরিমাণ একটি স্পিরিট ও পানির মিশ্রণে পানির পরিমাণ ১০%। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে পানির পরিমাণ হবে ২৫%?

ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭ উত্তর: ক

সাধারণ নিয়মে সমাধান:

প্রথমেই পানির পরিমাণ ২০ এর ১০% = ২

সুতরাং স্পিরিটের পরিমাণ $২০-২ = ১৮$ ।

এখন ধরি, পানি মেশাতে হবে x একক।

$\begin{aligned} \text{স্পিরিট : পানি} &= ১৮ : ২ = ১৮ : ২ + ৪ \\ &= ১৮ : ৬ \\ &= ৭৫\% : ২৫\% \end{aligned}$

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ১০ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

প্রশ্নমতে,

$(20+x)$ এর $25\% = 2+x$ (যেহেতু নতুন মোট মিশ্রণ $20+x$, যার 25% হবে আগের 2 এর সাথে x যোগ $= 2+x$)

$$\text{or, } \frac{(20+x)25}{100} = 2+x$$

$$\text{or, } \frac{20+x}{4} = 2+x \quad \text{or, } 8+4x=20+x \quad \text{or, } 3x=12 \quad \therefore x=4$$

৪৬. ৬৪ গ্রাম বালি ও পাথরের টুকরার মিশ্রণে বালির পরিমাণ 25% । কত কিলোগ্রাম বালি মিশালে নতুন মিশ্রণে পাথর টুকরার পরিমাণ 80% হবে? [১৫তম বিসিএস]

ক. ৪০ কি:গ্রা: খ. ৪৫ কি:গ্রা: গ. ৫২ কি:গ্রা: ঘ. ৫৬ কি:গ্রা: উত্তর: ঘ

সমাধান : বালি : পাথর = $16 : 88$ ।

বালির পরিমাণ এমন পরিমাণ বাড়াতে হবে যাতে মিশ্রণে বালির পরিমাণ 60% হয়। তাহলে, পাথরের পরিমাণ হবে 80% ।

বালি : পাথর = $16 + 56 : 88 = 72 : 88 = 60\% : 80\%$

বিবিধ অনুপাত

৪৭. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত $3:8:5$ হলে কোণ তিনটির মান কত?

ক. ৪৫, ৫০ ও ৭৫ খ. ৫০, ৬০ ও ৭৫ গ. ৪৫, ৬০ ও ৭৫ ঘ. ৪৫, ৫০ ও ৬৫ উত্তর: গ

সমাধান:

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= 180^\circ$ ।

অনুপাতের যোগফল $3 + 8 + 5 = 16$ অংশের মান $= 180^\circ$ ।

তাই ১ অংশের মান হবে $180^\circ \div 16 = 11.25^\circ$ ।

এখন এই ১ অংশের মান 11.25° দিয়ে প্রতিটি অনুপাতকে গুণ করে দিলেই প্রতিটি কোণের পরিমাপ বের হয়ে যাবে।

উত্তর: ৪৫, ৬০ ও ৭৫

$$180^\circ \text{ এর } \frac{3}{16} = 85^\circ; \quad 180^\circ \text{ এর } \frac{8}{16} = 60^\circ$$

$$\text{অন্য কোণের মান} = 180^\circ - 85^\circ - 60^\circ = 95^\circ$$

৪৮. একটি ত্রিভুজের পরিসীমা ৪৫ সে.মি. এবং বাহুগুলোর অনুপাত $3 : 5 : 7$ হলে ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য কত হবে?

ক. ৮ খ. ৯ গ. ১০ ঘ. ১১ উত্তর: খ

সমাধান : $3 + 5 + 7 = 15$ অংশের মান ৪৫ হলে, ১ অংশ 3 অর্থাৎ ছোটটি $3 \times 3 = 9$ ।

৪৯. চতুর্ভুজের চার কোণের অনুপাত $1 : 2 : 2 : 3$ হলে বৃহত্তম কোণের পরিমাণ হবে কত? [১৬-তম বিসিএস]

ক. ১২০ খ. ৯০ গ. ১৩৫ ঘ. ১৪০ উত্তর: গ

সমাধান : চতুর্ভুজের চার কোণের পরিমাপ 360° , $1+2+2+3 = 8$ অংশ $= 360^\circ$, ১ অংশ $= 85^\circ$; বড়টি $3 \times 85 = 135^\circ$

৫০. দুটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত $3:2$, বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত কত হবে?

ক. ৬:৪ খ. ৯:৬ গ. ৯:৪ ঘ. ৬:৮ উত্তর: গ

সমাধান:

যে কোন অংকে দুটি বৃত্তের ব্যাসার্ধ অথবা ব্যাস যার ই অনুপাত দেয়া থাক না কেন তাদের ক্ষেত্রফলের অনুপাত হবে ঐ অনুপাতটির বর্গ করে প্রাপ্ত মানের সমান। তাই এই প্রশ্নটির উত্তর হবে $3^2 : 2^2 = 9:4$ ।

অংশীদারী কারবার:

কোন অংশীদারী কারবারে সমান সময়ের জন্য বিনিয়োগ করা হলে বিনিয়োগের অনুপাতে লাভ্যাংশ বন্টন করতে হয়। কিন্তু সবার বিনিয়োগ সমান সময়ের জন্য না হলে সময়কে সমান করার জন্য সাধারণত মাসের পরিমাণ দিয়ে গুণ করে সমান করতে হয়।

৫১. তিনজনে ২০০০, ৩০০০ ও ৪০০০ হাজার টাকা নিয়ে পুঁজি বিনিয়োগ করে ব্যবসা শুরু করল এবং শর্ত অনুসারে পুঁজির অনুপাতে লাভ ভাগ হবে। যদি তাদের ব্যবসায় ৪৫০০ টাকা লাভ হয়, তবে কে কত লাভের টাকা পাবে?

ক. ১০০০, ১৫০০, ২০০০ খ. ১৫০০, ২০০০, ২৫০০

গ. ১২০০, ১৫০০, ১৮০০ ঘ. ১৫০০, ১৮০০, ২০০০

উত্তর: ক

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ১১ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

সমাধান:

প্রথমেই তাদের বিনিয়োগের পরিমাণ কে অনুপাত আকারে লিখে ছোট করুন $২০০০:৩০০০:৪০০০$ বা $২:৩:৪$ মোট অংশ $২ + ৩ + ৪ = ৯$ এখন তাদের মোট লাভ ৪৫০০ কে ৯ ভাগ করতে হবে। তাহলে প্রতি ১ ভাগের মান হবে $৪৫০০ \div ৯ = ৫০০$, এখন যার বিনিয়োগ যত অংশ তাকে ততটুকু দিয়ে দিতে হবে।

১ম জন $২ \times ৫০০ = ১০০০$, ২য় জন $৩ \times ৫০০ = ১৫০০$ এবং ৩য় জন $৪ \times ৫০০ = ২০০০$ টাকা।

৫২. ক, খ, ও গ একত্রে ব্যবসা করে ১২০০ টাকা লাভ করে। যদি ক, খ ও গ-এর মূলধনের অনুপাত $২:৩:৫$ হয়, তবে ক কত লভ্যাংশ পাবে?

ক. ১২০ খ. ১৮০ গ. ২৪০ ঘ. ২৮০ উত্তর: গ

সমাধান: $১২০০ \div ১০ = ১২০$ । সুতরাং ক এর অংশ $১২০ \times ২ = ২৪০$ ।

৫৩. কোনো ব্যবসায় ক, খ ও গ এর মূলধন যথাক্রমে ৩২০ , ৪০০ এবং ৪৮০ টাকা। ব্যবসায় ৩০০ টাকা লাভ হলে গ অপেক্ষা ক কত টাকা কম পাবে?

ক. ৫০ খ. ৪৫ গ. ৪০ ঘ. ৩৫ উত্তর: গ

সমাধান: ক খ এবং গ এর মূলধনের অনুপাত = ক:খ:গ

$$= ৩২০:৪০০:৪৮০ = ৪:৫:৬$$

সুতরাং তাদের লাভের অনুপাত ও হবে $৪:৫:৬$

অনুপাতের যোগফল = $৪+৫+৬ = ১৫$ এবং ক এর অংশ

গ এর অংশের থেকে কম $৬-৪ = ২$ অংশ

\therefore ক, গ এর থেকে কম পাবে ৩০০ এর $\frac{২}{১৫} = ৪০$ টাকা।

$$\text{ব্যবসায় মূলধনের অনুপাত} = ৩২০ : ৪০০ : ৪৮০$$

$$= ৪ : ৫ : ৬$$

$$\text{ক} = \frac{৩০০ \times ৪}{১৫} = ৮০; \text{ গ} = \frac{৩০০ \times ৬}{১৫} = ১২০$$

$$\text{গ অপেক্ষা ক টাকা কম পাবে} = ১২০ - ৮০ = ৪০$$

৫৪. ক, খ এবং গ একটি ব্যবসায় যথাক্রমে $৩৬,০০০$ টাকা, $৪২,০০০$ টাকা এবং $৭২,০০০$ টাকা বিনিয়োগ করে। একবছর পর মূলধন অনুপাতে লাভ বন্টিত হয় এবং খ ১৪০০ টাকা লাভ পায়। ক ও গ এর লাভের সমষ্টি কত?

ক. ২৫০০ খ. ৩০০০ গ. ৩৩০০ ঘ. ৩৬০০ উত্তর: ঘ

সমাধান:

তাদের বিনিয়োগের অনুপাত = ক : খ : গ = $৩৬,০০০ : ৪২,০০০ : ৭২,০০০ = ৬ : ৭ : ১২$

এখন খ এর ৭ অংশ = ১৪০০ হলে ১ অংশের মান = $১৪০০ \div ৭ = ২০০$ টাকা।

সুতরাং ক + গ এর $৬ + ১২ = ১৮$ অংশের মান হবে $১৮ \times ২০০ = ৩৬০০$ টাকা।

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক

৫৫. ৬০ লিটার ফলের রসে আম ও কমলার অনুপাত $২:১$ । কমলার রসের পরিমাণ কত লিটার বৃদ্ধি করলে অনুপাতটি $১:২$ হবে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১২]

(ক) ৫০ লিটার (খ) ৬০ লিটার (গ) ৪০ লিটার (ঘ) ৮০ লিটার উত্তর: খ

ব্যাখ্যা: ফলের রসে আমের পরিমাণ = ৬০ এর $\frac{২}{৩} = ৪০$ লিটার। তাহলে, কমলার পরিমাণ = $৬০ - ৪০ = ২০$ লিটার।

অনুপাত $১ : ২$ করতে হলে কমলার পরিমাণ বৃদ্ধি করে করতে হবে = ৪০ লিটারের দ্বিগুণ অর্থাৎ ৮০ লিটারের সমান।

৫৬. মনির ও তপনের আয়ের অনুপাত $৪:৩$ । তপন ও রবিনের আয়ের অনুপাত $৫:৪$ । মনিরের আয় ১২০ টাকা হলে রবিনের আয় কত? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১১]

(ক) ৭৫ টাকা (খ) ৮০ টাকা (গ) ৭৮ টাকা (ঘ) ৭২ টাকা উত্তর: ঘ

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ১২ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

ব্যাখ্যা : মনিরের আয় = ১২০ টাকা।

$$\text{তপনের আয়} = ১২০ \times \frac{৩}{৪} = ৯০ \text{ টাকা।}$$

$$\text{তাহলে, রবিনের আয়} = ৯০ \times \frac{৪}{৩} = ১২০ \text{ টাকা। (উত্তর)}$$

৫৭. ৬০ লিটার কেরোসিন ও পেট্রলের মিশ্রণের অনুপাত ৭ : ৩। এই মিশ্রণে আর কত লিটার পেট্রল মিশালে অনুপাত ৩ : ৭ হবে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১১]

(ক) ৭০ (খ) ৮০ (গ) ৯০ (ঘ) ৯৮ উত্তর: খ

ব্যাখ্যা : মিশ্রণে কেরোসিনের পরিমাণ = ৬০ এর $\frac{৭}{১০} = ৪২$ লিটার।

∴ পেট্রলের পরিমাণ = ৬০ - ৪২ = ১৮ লিটার।

নতুন অনুপাত হবে = কেরোসিন (৪২) : পেট্রল (৯৮) = ৩ : ৭ [পেট্রলের পাশে ৯৮ কী কারণে লেখা হয়েছে, এটি ধরতে পারলেই এই ধরনের অঙ্কের সমাধান চোখের পলকে করতে পারবেন।

∴ পেট্রল মেশাতে হবে = ৯৮ - ১৮ = ৮০ লিটার।

৫৮. কোন একটি স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে $\frac{২}{৩}$ মহিলা, পুরুষ শিক্ষকদের ১২ জন অবিবাহিত এবং $\frac{৩}{৪}$ অংশ বিবাহিত। এই স্কুলের শিক্ষক-শিক্ষিকার সংখ্যা কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

(ক) 90 (খ) 80 (গ) 85 (ঘ) 120 উত্তর: ক

৫৯. একটি সোনার গহনার ওজন 16 গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত 3 : 1। এতে কত গ্রাম সোনা মেশালে অনুপাত 4 : 1 হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১১]

(ক) 3 (খ) 8 (গ) 6 (ঘ) 4 উত্তর: ঘ

৬০. দুটি সংখ্যার অনুপাত ৫:৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২:৩ হয়। সংখ্যা দুটি কী কী? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা - ২০২০ (তরিশ : ১২.০৪.২০২২) (প্রথম পর্ব)]

(ক) ১০ ও ১৪ (খ) ১০ ও ১৬ (গ) ৭ ও ১১ (ঘ) ১২ ও ১৮ উত্তর: খ

ব্যাখ্যা: Back Solved Method এ, $\frac{10}{16} = 5 : 8$ এবং $\frac{10+2}{16+2} = \frac{12}{18} = 2 : 3$

৬১. ক এর ১৫% যদি খ এর ২০% এর সমান হয় তব ক:খ কত? [প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০২০ (দ্বিতীয় পর্ব)]

(ক) ৫:৩ (খ) ৪:৩ (গ) ৩:৪ (ঘ) ৫:২ উত্তর: গ

ব্যাখ্যা : $\frac{১৫}{২০} = ৩ : ৪$

৬২. কোন একটি স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে $\frac{২}{৩}$ মহিলা, পুরুষ শিক্ষকদের ১২ জন অবিবাহিত এবং $\frac{৩}{৪}$ অংশ বিবাহিত। এই স্কুলের শিক্ষক-শিক্ষিকার সংখ্যা কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

(ক) 90 (খ) 80 (গ) 85 (ঘ) 120 উত্তর: ক

৬৩. দুটি সংখ্যার অনুপাত ৩ : ৭। উভয় সংখ্যার সাথে ১০ যোগ করলে নতুন অনুপাত হবে ১ : ২। ছোট সংখ্যাটি কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

(ক) ১৫ (খ) ২১ (গ) ৩০ (ঘ) ৩৫ উত্তর: গ

ব্যাখ্যা: Back Solved Method এ, $\frac{৩০}{৩০} = ৩ : ৭$ । ১০ যোগ করার পর পাই, $\frac{৪০}{৮০} = ১ : ২$ ।

৬৪. এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তার মাসিক সঞ্চয় ১০,০০০ টাকা হলে তিনি মাসিক কত টাকা ব্যয় করেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ১৩ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

(ক) ২০০০ টাকা (খ) ২৫০০০ টাকা (গ) ১৫০০০ টাকা (ঘ) ১০০০০ টাকা উত্তর: গ

ব্যাখ্যা : সঞ্চয় = ৫ - ৩ = ২ ভাগ। মোট আয় = $৫ \times \frac{১০০০০}{২} = ২৫০০০$ টাকা। \therefore ব্যয় = $২৫০০০ - ১০০০০ = ১৫০০০$ টাকা।

৬৫. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ : ২ এবং ৫ বছর পরে তাদের বয়সের অনুপাত ৮ : ৩ হলে তাদের বর্তমান বয়স হবে- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১২]

(ক) ৩২, ৮ (খ) ৩৫, ১০ (গ) ৩৫, ১২ (ঘ) ৩৬, ১০ উত্তর: খ

ব্যাখ্যা : Back Solved Method এ, $\frac{৩৫}{১০} = ৭ : ২$ এবং $\frac{৩৫+৫}{১০+৫} = \frac{৪০}{১৫} = ৮ : ৩$ ।

৬৬. একটি দ্রব্য ২৫% লাভে বিক্রয় করা হলে, বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অনুপাত নিচের কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১২]

(ক) ৫:৪ (খ) ৬:৪ (গ) ৪:৫ (ঘ) ৫:৬ উত্তর: ক

ব্যাখ্যা : ক্রয়মূল্য = ১০০ টাকা এবং ২৫% লাভে বিক্রয়মূল্য = ১২৫ টাকা।

\therefore বিক্রয়মূল্য : ক্রয়মূল্য = $১০৫ : ১০০ = \frac{১০৫}{১০০} = ৫ : ৪$ (উত্তর)

৬৭. শামীমের আয় ও ব্যয়ের অনুপাত ২০:১৫ হলে তার মাসিক সঞ্চয় আয়ের শতকরা কত ভাগ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১২]

(ক) ২০% (খ) ১৫% (গ) ২৫% (ঘ) ৩০% উত্তর: গ

ব্যাখ্যা : সঞ্চয়ের হার = $\frac{২০-১৫}{২০} \times ১০০ = ২৫\%$ (উত্তর)

৬৮. দুটি সংখ্যার যোগফল ৮। যদি সংখ্যাগুলো ৩ : ১ অনুপাতে থাকে তবে সংখ্যাগুলোর গুণফল কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১২]

(ক) ১০ (খ) ১২ (গ) ১৫ (ঘ) ১৮ উত্তর: খ

ব্যাখ্যা : Back Solved Method এ, $৬ + ২ = ৮$ এবং $\frac{৬}{২} = ৩ : ১$ । $\therefore ৬ \times ২ = ১২$ (উত্তর)

৬৯. ১৪৩ টাকাকে ২ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য কত টাকা হবে?

(ক) ৪২ (খ) ৩৬ (গ) ৩৭ (ঘ) ৩৯ উত্তর: ঘ

৭০. একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয়, তবে পানির পরিমাণ কত লিটার? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১২]

(ক) ৫ (খ) ৬ (গ) ৪ (ঘ) ২ উত্তর: ঘ

ব্যাখ্যা : $১০ - ২ = ৮$ এবং $\frac{১০}{২}$ ।

৭১. ৬০ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট একটি নলকে ৩ : ৭ : ১০ অনুপাতে টুকরা করা হয়েছে। ছোট টুকরাটির দৈর্ঘ্য কত মিটার? [জেলাভিত্তিক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৮]

ক. ৯ মিটার খ. ১০ মিটার গ. ৭ মিটার ঘ. ৮ মিটার উ- ক

৭২. ৭৫০০ টাকা ১ : ২ : ৩ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য হবে? [জেলাভিত্তিক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৮]

ক. ৩০০০ খ. ২০০০ গ. ২৫০০ ঘ. ২৬০০ উ- খ

৭৩. ক, খ ও গ এর বেতনের অনুপাত ৭ : ৫ : ৩। খ, গ অপেক্ষা ২২ টাকা বেশি পেলে ক এর বেতন কত? [জেলাভিত্তিক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৮]

ক. ৭৭৭ টাকা খ. ৮৮৮ টাকা গ. ৫৫৫ টাকা ঘ. ৩৩৩ টাকা উ- ক

৭৪. ৬০ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট একটি বাঁশ কে ৩ : ৭ : ১০ অনুপাতে ভাগ করলে টুকরাগুলো সাইজ কত হবে? [প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৬]

ক. ৯ : ২১ : ৩০ মিটার খ. ১২ : ২০ : ২৮ মিটার গ. ৮ : ২২ : ৩০ মিটার ঘ. ১০ : ২০ : ৩০ মি. উ- ক

৭৫. ক ও খ এর বেতনের অনুপাত ৭ : ৫। ক, খ অপেক্ষা ৪০০ টাকা বেশি বেতন পেলে খ এর বেতন কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৫]

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ১৪ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

- ক. ৯০০ টাকা খ. ১০০০ টাকা গ. ১১০০ টাকা ঘ. ১৬০০ টাকা উত্তর: খ
৭৬. যদি $a : b = 3 : 2$ এবং $b : c = 7 : 6$ হয়, তবে $c : a =$ কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ২ : ৬ খ. ৩ : ৭ গ. ২ : ৭ ঘ. ৪ : ৭ উত্তর: ঘ
৭৭. এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তার মাসিক সঞ্চয় ১০,০০০ টাকা হলে তিনি কত টাকা আয় করেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ২০,০০০ খ. ২২,৫০০ গ. ২৫,০০০ ঘ. ৩০,০০০ উত্তর: গ
৭৮. ৩, ৯ ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ১২.০ খ. ৪.০ গ. ১৪.০ ঘ. ১৬.০ উত্তর: ক
৭৯. $a : b = 4 : 7$, $b : c = 5 : 6$ হলে $a : b : c$ কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ৪ : ৭ : ৫ খ. ৪ : ৭ : ৬ গ. ২০ : ৩৫ : ৪২ ঘ. ২০ : ৩৪ : ৩৫ উত্তর: গ
৮০. ক, খ, গ একত্রে ব্যবসা শুরু করে ১২০০ টাকা লাভ করে। যদি ক, খ, গ এর মূলধনের অনুপাত ৩ : ৪ : ৮ হয়, তবে 'ক' কত অংশ লভ্যাংশ পাবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ২৩০ টাকা খ. ২৪০ টাকা গ. ২৫০ টাকা ঘ. ২২০ টাকা উত্তর: খ
- ব্যাখ্যা: ক লভ্যাংশ পাবে = $1200 \times \frac{3}{3+4+8} = 240$ টাকা। (উত্তর)
৮১. খোকন ও মন্টুর আয়ের অনুপাত ৯ : ৪। খোকনের আয় ৯০ টাকা হলে মন্টুর আয় কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ৪৮ টাকা খ. ৬৫ টাকা গ. ৪০ টাকা ঘ. ৬০ টাকা উত্তর: গ
- ব্যাখ্যা: মন্টুর আয় = $90 \times \frac{4}{9} = 40$ টাকা। (উত্তর)
৮২. পাঁচ ফুট দীর্ঘ একটি তারকে এমনভাবে দুই ভাগে ভাগ করা হল যেন এক অংশ অন্য অংশের $\frac{2}{3}$ হয়। ছোট অংশটি কত ইঞ্চি লম্বা? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ৮ খ. ১২ গ. ২৪ ঘ. ৩৬ উত্তর: গ
৮৩. দুটি ক্রমিক জোড় সংখ্যার অনুপাত ১ : ২। সংখ্যা দুটি নির্ণয় করুন। [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ১ এবং ২ খ. ২ এবং ৪ গ. ৪ এবং ৮ ঘ. ৮ এবং ১৬ উত্তর: খ
৮৪. ৬০ লিটার মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে পানির পরিমাণ কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]
- ক. ১৫ লিটার খ. ১৮ লিটার গ. ১২ লিটার ঘ. ১০ লিটার উত্তর: খ
- ব্যাখ্যা: মিশ্রণে পানির পরিমাণ = $60 \times \frac{3}{7+3} = 18$ লিটার। (উত্তর)
৮৫. পাঁচ ফুট দীর্ঘ একটি তারকে এমনভাবে দুই ভাগে ভাগ করা হল যেন এক অংশ অন্য অংশের $\frac{2}{3}$ হয়। ছোট অংশটি কত ইঞ্চি লম্বা? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (আলফা) : ২০১৪]
- ক. ৮ খ. ১২ গ. ২৪ ঘ. ৩৬ উত্তর: গ
- ব্যাখ্যা: পরীক্ষার হলে দ্রুত এ সকল অংক সমাধান করার জন্য Back Solved Method প্রয়োগ করতে আমরা বলি। Back Solved Method হলো অপশন দ্বারা প্রশ্নের শর্তসমূহের সত্যতা যাচাই করার একটি প্রক্রিয়া।
- পাঁচ (৫) ফুট = ৬০ ইঞ্চি। ৬০ (পুরা তার) - ২৪ (ছোট অংশ) = ৩৬ (বড় অংশ) এর $\frac{2}{3} = ২৪$ (ছোট অংশ)।
৮৬. দুটি ক্রমিক জোড় সংখ্যার অনুপাত ১ : ২। সংখ্যা দুটি নির্ণয় করুন। [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (আলফা) : ২০১৪]

ইনসেপশন ওয়েব/অ্যাপ (গাণিতিক যুক্তি) # ১৫ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

ক. ১ এবং ২ খ. ২ এবং ৪ গ. ৪ এবং ৮ ঘ. ৮ এবং ১৬ উত্তর: খ

ব্যাখ্যা: Back Solve Method এ, $\frac{2}{8} = 1 : 2$

৮৭. ৬০ লিটার মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে পানির পরিমাণ কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (আলফা) : ২০১৪]

ক. ১৫ লিটার খ. ১৮ লিটার গ. ১২ লিটার ঘ. ১০ লিটার উত্তর: খ

ব্যাখ্যা: এসিডের পরিমাণ = ৬০ লিটার এর $\frac{9}{12} = 82$ লিটার। পানির পরিমাণ = ৬০ - ৪২ = ১৮ লিটার। (উত্তর)

৮৮. একটি সোনার গয়নার ওজন ৩২ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কি পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪ : ১ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বিটা) : ২০১৪]

ক. ২ গ্রাম খ. ৩ গ্রাম গ. ৬ গ্রাম ঘ. ৮ গ্রাম উত্তর: ঘ

৮৯. ক, খ ও গ এর বেতনের অনুপাত ৭ : ৫ : ৩। খ, গ অপেক্ষা ২২২ টাকা বেশি পেলে, ক-এর বেতন কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বিটা) : ২০১৪]

ক. ৮৮৮ টাকা খ. ৭৭৭ টাকা গ. ৫৫৫ টাকা ঘ. ৩৩৩ টাকা উত্তর: খ

৯০. একটি বাঁশের $\frac{2}{5}$ অংশ লাল, $\frac{1}{8}$ অংশ কালো ও $\frac{1}{10}$ অংশ সবুজ কাগজে আবৃত। অবশিষ্ট অংশ ৬ মিটার হলে বাঁশটির

দৈর্ঘ্য কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (গামা) : ২০১৪]

ক. ৬০ মিটার খ. ১২০ মিটার গ. ১৮০ মিটার ঘ. ৩৬০ মিটার উত্তর: ঘ

৯১. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত ৩ : ৭ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ডেলটা) : ২০১৪]

ক. ২৫ লিটার খ. ৩০ লিটার গ. ৪০ লিটার ঘ. ৪৫ লিটার উত্তর: গ

ব্যাখ্যা: মিশ্রণে এসিডের পরিমাণ, ৩০ এর $\frac{9}{10}$ লিটার = ২৭ এবং পানির পরিমাণ = ৩০ - ২৭ = ৩ লিটার।

Back Solved Method এ, $\frac{27}{30+3} = 3 : 7$ (উত্তর) [Back Solved Method এ মূলত অপশন দ্বারা শুদ্ধি পরীক্ষা করতে হয়।

৯২. দুইটি রাশির অনুপাত ৫ : ১১। উত্তর রাশি ৯৯ হলে পূর্বরাশি কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হোয়াংহো) : ২০১৩]

ক. ৪২ খ. ৪৫ গ. ৪৮ ঘ. ৫৬ উত্তর: খ

ব্যাখ্যা: $\frac{5}{11} = \frac{x}{99}$ বা, $x = \frac{99 \times 5}{11} \therefore x = 45$ (উত্তর)

৯৩. ২৪ কে ৭ : ৬ অনুপাতে বৃদ্ধি করলে নতুন সংখ্যা হবে- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হোয়াংহো) : ২০১৩]

ক. ২৮ খ. ৩২ গ. ৩৫ ঘ. ৩৮ উত্তর: ক

ব্যাখ্যা: ২৪ এর $\frac{9}{6} = 28$ ।


৯৪. একটি জিনিস ১২০ টাকায় ক্রয় করে ১৪৪ টাকায় বিক্রয় করলে ক্রয়মূল্য ও লাভের অনুপাত কত হবে?

ক. ৭ : ২ খ. ৫ : ১ গ. ৬ : ১ ঘ. ১৫ : ৩ উত্তর: খ

৯৫. ৬৩ কে ৮ : ৯ অনুপাতে হ্রাস করলে নতুন সংখ্যা হবে- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কিলাম) : ২০১৩]

ক. ৫৬ খ. ৫৮ গ. ৬০ ঘ. ৬২ উত্তর: ক

৯৬. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কি পরিমাণ সোনা মেশালে ৪ : ১ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দানিয়ুব) : ২০১৩]



সরল ও যৌগিক মুনাফা

১০ম বিসিএস থেকে ৪৪তম বিসিএস
প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্ন

সরল ও যৌগিক মুনাফা

সরল সুদের সাধারণ নিয়ম

০১. প্রতি বছর শতকরা ৮ টাকা হারে লাভের চুক্তিতে ১০০০ টাকা বিনিয়োগ করে ২ বছর পর ঐ বিনিয়োগকারী মোট কত টাকা লাভ পাবে?

ক. ২০০ টাকা

খ. ১০০ টাকা

গ. ১৬০ টাকা

ঘ. ৪০০ টাকা

উত্তর: গ

সমাধান:

মোট মূলধন ১০০০ টাকার ৮% = ৮০ টাকা

সুতরাং ২ বছর = $৮০ \times ২ = ১৬০$ টাকা।

আবার সূত্র প্রয়োগ করে পাই $\frac{১০০০ \times ৮ \times ২}{১০০} = ১৬০$ টাকা।

সরল সুদের ক্ষেত্রে সূত্র, $I = Pnr$

I (লাভ বা সুদ) = P (মূলধন) n (বছর) r (সুদের হার)

বা, $I = ১০০০ \times ২ \times ৮\%$

$১০০০ \times ২ \times ৮$

বা, $I = \frac{১০০০ \times ২ \times ৮}{১০০} = ১৬০$ টাকা। (উত্তর)

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ২ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

০২. এক ব্যক্তি ৫০০০ টাকা বার্ষিক ১৪% মুনাফায় বিনিয়োগ করলে তিন বৎসর কত টাকা মুনাফা পাবে?

ক. ৭০০ টাকা খ. ১৪০০ টাকা গ. ২১০০ টাকা ঘ. ২৮০০ টাকা উত্তর: গ

সমাধান : $I = Pnr$ বা, $I = ৫০০০ \times ৩ \times ১৪\% = \frac{৫০০০ \times ৩ \times ১৪}{১০০} = ২১০০$ টাকা। (উত্তর)

০৩. শতকরা বার্ষিক ১২ টাকা হারে ৬০০ টাকার ৬ মাসের সুদ কত হবে?

ক. ১৮ টাকা খ. ২০ টাকা গ. ৩০ টাকা ঘ. ৩৬ টাকা উত্তর: ঘ

সমাধান: ৬০০ এর ১২% = ৬০০ এর $\frac{১২}{১০০} = ৭২$ টাকা হলো ১ বছরের সুদ।

∴ ৬ মাসের সুদ = অর্ধেক ৩৬ টাকা।

০৪. ৬% হারে ১০,০০০ টাকার ৯ মাসের সুদ কত হবে? (২৫তম বিসিএস)

ক. ১৮০ টাকা খ. ২০০ টাকা গ. ২৫০ টাকা ঘ. ৪৫০ টাকা উত্তর: ঘ

সমাধান:

১০০০০ এর ৬% = ৬০০ টাকা হলো ১ বছর বা ১২ মাসের সুদ।

∴ ৯ মাসের সুদ হবে $\frac{৬০০ \times ৯}{১২} = ৪৫০$ টাকা। (১২ মাস দিয়ে ভাগ করে ৯ মাস দিয়ে গুণ)

০৫. এক ব্যক্তি ২০% সরল সুদে ৮০০ টাকা এবং ১৫% সরল সুদে ৬০০ টাকা বিনিয়োগ করলে এক বছর পর তিনি কত সুদ পাবেন?

ক. ১০০ টাকা খ. ১৫০ টাকা গ. ২০০ টাকা ঘ. ২৫০ টাকা উত্তর: ঘ

সমাধান :

২০% হারে ৮০০ টাকার সুদ ৮০০ এর $\frac{২০}{১০০}$ বা, $১৬০ + ১৫%$ হারে ৬০০ টাকার সুদ ৬০০ এর $\frac{১৫}{১০০}$ বা, $৯০ = ২৫০$ টাকা

০৬. এক ব্যক্তিকে তার মোট ঋণের প্রথম ৬০০ টাকার জন্য ৮% হারে সুদ দিতে হয় এবং ৬০০ টাকার অধিক অংশটির জন্য ৭% হারে সুদ দিতে হয়। যদি কোন বছর তার ঋণের পরিমাণ ৬০০০ টাকা হয়, সে বছর তাকে কত টাকা সুদ দিতে হবে?

ক. ৪৮০ টাকা খ. ৪২০ টাকা গ. ৩৭৮ টাকা ঘ. ৪২৬ টাকা উত্তর: ঘ

সমাধান: ৬০০০ টাকার মধ্যে প্রথম ৬০০ টাকার সুদ = ৬০০ এর ৮% = ৪৮ টাকা।

আবার পরের ৬০০০-৬০০ = ৫৪০০ টাকার সুদ = ৫৪০০ এর ৭% = ৩৭৮ টাকা।

তাহলে মোট সুদ: $৪৮ + ৩৭৮ = ৪২৬$ টাকা।

সুদের হার বের করা

০৭. শতকরা বার্ষিক কত হার সুদে ৫ বছরে ৪০০ টাকার সুদ ১৪০ টাকা হবে ?

ক. ২% খ. ১০% গ. ৩% ঘ. ৭% উত্তর: ঘ

সমাধান:

৪০০ টাকার ৫ বছরের সুদ = ১৪০ টাকা

১ টাকার ১ বছরের সুদ = $\frac{১৪০}{৪০০ \times ৫}$ টাকা

∴ ১০০ " ১ " " = $\frac{১৪০ \times ১০০}{৪০০ \times ৫}$ টাকা
= ৭ টাকা বা ৭%

$I = Pnr$

বা, $r = \frac{I \times ১০০}{Pn} = \frac{১৪০ \times ১০০}{৪০০ \times ৫} = ৭\%$

কোন সূত্র ছাড়াই : ৫ বছরের সুদ ১৪০ হলে ১ বছরের সুদ হবে $১৪০ \div ৫ = ২৮$ টাকা। ৪০০ টাকার সুদ ২৮ হলে ১০০ টাকার সুদ হবে ৪ গুণ কম অর্থাৎ $২৮ \div ৪ = ৭\%$ ।

ইনসেসপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৪ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

$$\therefore " ১ " " " = \frac{৮}{১১}$$

$$\therefore " ৫৫০০ " " " = \frac{৮ \times ৫৫০০}{১১} = ৪০০০ \text{ টাকা।}$$

সুতরাং সুদ = ৫৫০০ - ৪০০০ = ১৫০০ টাকা।

আবার,

৪০০০ টাকার ৩ বছরের সুদ = ১৫০০ টাকা।

$$\therefore ১ " ১ " " = \frac{১৫০০}{৪০০০ \times ৩}$$

$$\therefore ১০০ " ১ " " = \frac{১৫০০ \times ১০০}{৪০০০ \times ৩} = ১২.৫\%$$

মাত্র ১০ সেকেন্ডে সমাধান:

৩ বছরে সুদের হার $\frac{৩}{৮}$ অংশ হলে ১ বছরে সুদের হার হবে $\frac{১}{৮}$ অংশ।

$$\frac{১}{৮} \text{ কে শতকরায় প্রকাশ করতে } \frac{১ \times ১০০}{৮} = ১২.৫\%$$

(আসল যা ই হোক $\frac{১}{৮} = ১২.৫\%$ ই)

১৩. কোনো মূলধন ৩ বছরে সরল সুদে-মূলে ১১০০০ টাকা হয়। সুদ আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে আসল ও সুদের হার নির্ণয় করুন।

(২১তম বিসিএস (লিখিত))

ক. আসল ৫০০০ টাকা ও সুদের হার ৭.৫%

খ. আসল ৭৮০০ টাকা ও সুদের হার ৭.৫%

গ. আসল ৮০০০ টাকা ও সুদের হার ৬.৫%

ঘ. ৮০০০ এবং ১২.৫%

উত্তর: ঘ

সমাধান: উপরের নিয়মে ১১০০০ কে ৮০০০ এবং ৩০০০ এ ভেঙ্গে সুদের হার বের করুন।

১৪. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত? (১৬তম বিসিএস)

ক. ১০%

খ. ১২%

গ. ১৪%

ঘ. ১৫%

উত্তর: ক

সমাধান:

$৫০০ \times ৪ = ২০০০$ (৫০০ টাকা করে ৪ বছরের সুদ এবং ২০০০ টাকার ১ বছরের সুদ একই)

$৬০০ \times ৫ = ৩০০০$ (৬০০ টাকা করে ৫ বছরের সুদ এবং ৩০০০ টাকার ১ বছরের সুদ একই)

$(২০০০ + ৩০০০) = ৫০০০$ টাকার ১ বছরের সুদ ৫০০ টাকা

তাই ১০০ টাকার সুদ হবে $\frac{৫০০ \times ১০০}{৫০০০} = ১০$ টাকা বা ১০%

বিকল্প সমাধান:

৫০০ টাকার ৪ বছর = ১০০ টাকার $৪ \times ৪ = ১৬$ বছর। (বছরকে মেলানোর জন্য এভাবে)

৬০০ টাকার ৫ বছর = ১০০ টাকার $৬ \times ৫ = ৩০$ বছর।

সুতরাং ১০০ টাকার $১৬ + ৩০ = ৪৬$ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে

১০০ টাকার ১ বছরের সুদ হবে $৫০০ \div ৪৬ = ১০$ টাকা বা ১০%

১৫. একই হার সুদে ৩০০ টাকার ৪ চার বছরের সুদ এবং ৫০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ১৮৫ টাকা হলে সুদের হার কত?

ক. ৩%

খ. ৪%

গ. ৫%

ঘ. ৬%

উত্তর: গ

সমাধান: $(৩০০ \times ৪) + (৫০০ \times ৫) = (১২০০ + ২৫০০) = ৩৭০০$ টাকার ১ বছরের সুদ ১৮৫ টাকা

তাই ১০০ টাকার সুদ হবে $\frac{১৮৫}{৩৭} = ৫$ টাকা বা ৫%।

১৬. ৩০০ টাকা ৪ বছরের সরল মুনাফা এবং ৪০০ টাকা ৫ বছরের সরল মুনাফা একত্রে ১৬০ টাকা হলে শতকরা মুনাফা হার কত?

ক. ৬%

খ. ৫%

গ. ৭%

ঘ. ৮%

উত্তর: খ

সমাধান: Back Solved Method এ $\frac{৩০০ \times ৪ \times ৫}{১০০} + \frac{৪০০ \times ৫ \times ৫}{১০০} = ৬০ + ১০০ = ১৬০$ । (উত্তর)

১৭. শতকরা বার্ষিক সুদের হার কত হলে, ১৩০০ টাকা ৫ বছরে সুদেআসলে ১৭৫৫ টাকা হবে?

ক. ৬%

খ. ৭%

গ. ৯%

ঘ. ৮%

উত্তর: খ

ইনসেসপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৫ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

সমাধান:

প্রথমে সুদ = $1955 - 1700 = 255$ এখন ৫ বছরে সুদ ৪৫৫ হলে ১ বছরের সুদ $455 \div 5 = 91$ ।

আবার ১৩০০ টাকার সুদ ৯১ টাকা হলে ১০০ টাকার সুদ হবে $91 \div 13 = 7$ টাকা।

১৮. কোনো আসল ৩ বছরে সুদ আসলে ৪৬০ টাকা এবং ৫ বছরে সুদে আসলে ৫০০ টাকা হলে শতকরা সুদের হার হবে?

ক. ৫% খ. ৭% গ. ৮% ঘ. ১০% উত্তর: ক

সমাধান : $500 - 460 = 40$ টাকা ২ বছরের সুদ হলে ১ বছরের সুদ ২০ টাকা এবং আসল = $460 - (20 \times 3) = 400$ টাকা।

এখন ৪০০ টাকার ১ বছরের সুদ ২০ টাকা হলে ১০০ টাকার সুদ হবে $\frac{20}{8} = 2.5\%$ । (উত্তর)

১৯. ৮% সরল মুনাফায় ৬০০০ টাকা বিনিয়োগে ৫ বছরে যে মুনাফা হয়, কোন সরল হারে বিনিয়োগে ১০০০০ টাকায় ৩ বছরে ঐ মুনাফা হবে?

ক. ৫% খ. ৭% গ. ৮% ঘ. ১০% উত্তর: গ

সমাধান:

প্রথম অংশের মোট মুনাফা = 6000 এর $8\% = 480 \times 5 = 2400$ টাকা।

পরের অংশে ৩ বছরের সুদ এই ২৪০০ টাকা হলে ১ বছরের সুদ $2400 \div 3 = 800$ ।

এখন ১০০০০ টাকার সুদ = ৮০০ টাকা

$\therefore 1$ টাকার সুদ = $\frac{800}{100000}$ টাকা। $\therefore 100$ টাকার সুদ = $\frac{800 \times 100}{100000} = 0.8\%$ ।

২০. শতকরা কত হার সুদে কোন আসল ১০ বছরে সুদে-আসলে চারগুণ হয়?

ক. ২৬% খ. ২৭% গ. ২৯% ঘ. ৩০% উত্তর: ঘ

সমাধান:

ধরি, আসল বা মূলধন ১০০ টাকা।

তাহলে লক্ষ্য করুন,

এই ১০০ টাকাই ১০ বছর পর চারগুণ অর্থাৎ ৪০০ টাকা হয়ে যাবে।

যার অর্থ আসল ১০০ টাকাই থাকবে কিন্তু ১০ বছরে সুদ হবে $400 - 100 = 300$ টাকা।

এখন, ১০ বছরের সুদ ৩০০ টাকা হলে ১ বছরের সুদ হবে $300 \div 10 = 30$ টাকা।

২১. সুদের হার কত হলে ১০০ টাকা ৫ বছরে সুদে আসলে দ্বিগুণ হবে?

ক. ২৫% খ. ১৭% গ. ১৮% ঘ. ২০% উত্তর: ঘ

সমাধান:

১০০ টাকা ৫ বছরে দ্বিগুণ অর্থাৎ ২০০ টাকা হবে যেখানে সুদ ১০০ টাকা।

৫ বছরে সুদ ১০০ টাকা হলে ১ বছরে হবে $100 \div 5 = 20$ টাকা বা ২০%।

২২. শতকরা বার্ষিক কত হার সুদে কোন মূলধন ১০ বছরে সুদে-মূলে তিনগুণ হবে?

ক. ২০% খ. ১৭% গ. ১৮% ঘ. ১৫% উত্তর: ক

সমাধান : সুদের হার = $\frac{100 \times (n \text{ গুণ} - 1)}{\text{বছর সংখ্যা}} = \frac{100 \times (3 - 1)}{10} = \frac{100 \times 2}{10} = 20\%$ (উত্তর)

২৩. বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোন মূলধন কত বছরে সুদে আসলে দ্বিগুণ হবে?

ক. ১০ বছর খ. ২০ বছর গ. ১৫ বছর ঘ. ২২ বছর উত্তর: ক

সমাধান : বছর সংখ্যা = $\frac{100 \times (n \text{ গুণ} - 1)}{\text{সুদের হার}} = \frac{100 \times (2 - 1)}{10} = 10$ বছর। (উত্তর)

অন্য ভাবে,

১০০ টাকায় ১ বছর পর সুদ ১০ টাকা।

এখন সুদে আসলে দ্বিগুণ হলে ১০০ টাকা ২০০ হয়ে যাবে, যেখানে আসল ১০০ আবার সুদ ১০০।

সুদ ১০ টাকা হতে ১ বছর লাগলে ১০০ টাকা সুদ হতে সময় লাগবে $100 \div 10 = 10$ বছর।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৬ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

সময় বের করা:

মোট সুদ বের করে সেই সুদকে ১ বছরের সুদ দিয়ে ভাগ করলে কত সময় লাগবে তা বের হবে।

২৪. ৬% সরল সুদে ৮০০ টাকার কত বছরের সুদ ৪৮০ টাকা হবে?

ক. ১০ বছর খ. ২০ বছর গ. ১৫ বছর ঘ. ২২ বছর উত্তর: ক

সমাধান:

১ বছরের সুদ = ৮০০ এর ৬% = ৪৮ টাকা।

৪৮ টাকা সুদ হতে ১ বছর লাগলে ৪৮০ টাকা সুদ হতে সময় লাগবে $৪৮০ \div ৪৮ = ১০$ বছর।

২৫. ৪৫০ টাকা বার্ষিক ৬% সুদে কত বছরে সুদে-আসলে ৫৫৮ টাকা হবে? [৪০তম বিসিএস]

ক. ৩ বছরে খ. ৪ বছরে গ. ৫ বছরে ঘ. ৬ বছরে উত্তর: খ

সমাধান:

মোট সুদ = ৫৫৮ - ৪৫০ = ১০৮ টাকা

১ বছরের সুদ = ৪৫০ এর ৬% = ২৭ টাকা।

২৭ টাকা সুদ হতে সময় লাগে = ১ বছর

$\therefore ১$ " " " " " " = $\frac{১}{২৭}$ বছর।

$\therefore ১০৮$ " " " " " " = $\frac{১০৮}{২৭} = ৪$ । উত্তর: খ

$$I = Pnr \text{ বা, } n = \frac{I \times 100}{Pr} = \frac{108 \times 100}{450 \times 6} = 6\% \text{ (উত্তর)}$$

২৬. বার্ষিক শতকরা মুনাফার হার ৬ টাকা হলে, ৮৫০ টাকার কত বছরের মুনাফা ২৫৫ টাকা হবে?

ক. ৫ খ. ৭ গ. ১২ ঘ. ৬ উত্তর: ক

সমাধান:

৮৫০ টাকার ১ বছরের সুদ = ৮৫০ এর ৬% = ৫১ টাকা।

৫১ টাকা সুদ হতে ১ বছর লাগলে ২৫৫ টাকা।

সুদ হতে সময় লাগবে, $২৫৫ \div ৫১ = ৫$ বছর।

$$I = Pnr \text{ বা, } n = \frac{I \times 100}{Pr} = \frac{255 \times 100}{850 \times 6} = 5\% \text{ (উত্তর)}$$

২৭. শতকরা ৬ টাকা হার সুদে কত বছরে ৫০০ টাকা সুদে-আসলে ৮০০ টাকা হয়?

ক. ৫ খ. ৬ গ. ৮ ঘ. ১০ উত্তর: ঘ

সমাধান: $I = Pnr$ বা, $n = \frac{I \times 100}{Pr} = \frac{300 \times 100}{500 \times 6} = 10\% \text{ (উত্তর)}$

২৮. $৬\frac{১}{৪}$ % সুদে কত সময়ে ৯৬ টাকার সুদ ১৮ টাকা হয়?

ক. ৩ খ. ৭ গ. ৮ ঘ. ১০ উত্তর: ক

সমাধান:

৯৬ এর $৬\frac{১}{৪}$ % বা $৯৬ \times \frac{২৫}{৪} \times \frac{১}{১০০} = ৬$ টাকা যা এক বছরের সুদ,

৬ টাকা হতে ১ বছর লাগলে ১৮ টাকা সুদ হতে সময় লাগবে $১৮ \div ৬ = ৩$ বছর।

আসল বের করা:

আসল বের করার সময় প্রশ্নে আসল বা মূলধন দেয়া না থাকলে ১০০ ধরে হিসেব শুরু করতে হবে।

২৯. ১০% হার মুনাফায় কত টাকার ৪ বৎসরের সুদ ১৪০ টাকা?

ক. ১০০ খ. ২০০ গ. ৩০০ ঘ. ৩৫০ উত্তর: ঘ

সমাধান:

এখানে, ৪ বছরের মোট সুদ ১৪০ টাকা। তাই এক বছরের সুদ $১৪০ \div ৪ = ৩৫$ টাকা।

ইনসেসপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৭ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

এখন ১০% হারে, অর্থাৎ ১০ টাকা সুদ হলে আসল = ১০০ টাকা

$$\therefore ১ \text{ " " " " } = \frac{১০০}{১০} \text{ টাকা}$$

$$\therefore ৩৫ \text{ " " " " } = \frac{১০০ \times ৩৫}{১০} = ৩৫০ \text{ টাকা}$$

$$I = Pnr \text{ বা, } P = \frac{I \times ১০০}{nr} = \frac{১৪০ \times ১০০}{৪ \times ১০} = ৩৫০ \text{ টাকা}$$

৩০. বার্ষিক ৬% মুনাফায় কোন আসলের ৫ বছরের মুনাফা ৩৬০ টাকা? [থানা শিক্ষা অফিসার-০৯]

ক. ১০০০

খ. ১২০০

গ. ১২৫০

ঘ. ১৩০০

উত্তর: খ

সমাধান:

আসল ১০০ টাকা হলে ৬% হারে ৫ বছরের মোট মুনাফা $৫ \times ৬ = ৩০$ টাকা

৩০ টাকা মুনাফা হলে আসল = ১০০ টাকা

$$\therefore ১ \text{ " " " " } = \frac{১০০}{৩০} \text{ টাকা}$$

$$\therefore ৩৬০ \text{ " " " " } = \frac{১০০ \times ৩৬০}{৩০} \text{ টাকা।}$$

$$= ১২০০ \text{ টাকা।}$$

$$I = Pnr \text{ বা, } P = \frac{I \times ১০০}{nr} = \frac{৩৬০ \times ১০০}{৫ \times ৬} = ১২০০$$

৩১. রাকিব কিছু টাকা ব্যাংকে জমা রাখে এবং ৪ বছর পর সে ৪৬৫ টাকা মুনাফা পায়। ব্যাংকের বার্ষিক মুনাফার হার $৭\frac{৩}{৪}\%$ হলে,

তার মূলধন কত?

ক. ১৫০০

খ. ২২৫০

গ. ২৪০০

ঘ. ১৩৫০

উত্তর: ক

৩২. শতকরা বার্ষিক ৪ টাকা হার সরল মুনাফায় কত টাকা ১৫ বছরে সর্বমূলধন (সুদাসল) ১০৪০ টাকা হবে?

ক. ৫৬০

খ. ৬০৫

গ. ৬৫৫

ঘ. ৬৫০

উত্তর: ঘ

সমাধান : এ সকল অংক Back Solved Method এ করবেন। $I = ৬৫০ \times ১৫ \times \frac{৪}{১০০} = ৩৯০ + ৬৫০ = ১০৪০।$

৩৩. এক ব্যক্তির ১২০ দিনের জন্য কিছু টাকা প্রয়োজন। তিনি ব্যাংকের নিকট হতে টাকা ধার নিলেন এবং এজন্য তাকে ৬% হার সুদে ৩৬০ টাকা পরিশোধ করতে হল। তিনি কত টাকা ধার নিয়েছিলেন?

ক. ১০০০০

খ. ২০০০০

গ. ১৫০০০

ঘ. ১৮০০০

উত্তর: ঘ

সমাধান:

১২০ দিন অর্থাৎ ৪ মাস, এখন ৪ মাসের সুদ ৩৬০ টাকা হলে

১ বছরের সুদ হবে ৩ গুণ বেশি অর্থাৎ $৩৬০ \times ৩ = ১০৮০$ টাকা।

১০৮০ টাকা হচ্ছে ১ বছরের মোট সুদ আবার ৬% সুদের হার অর্থ ৬ টাকা পাওয়ার জন্য আসল হবে ১০০ টাকা।

সুতরাং ১ টাকা পাওয়ার জন্য আসল হবে $\frac{১০০}{৬}$ টাকা, এবং ১০৮০ টাকার জন্য আসল হবে $\frac{১০০ \times ১০৮০}{৬} = ১৮,০০০।$

[Shortcut: এক বছরে ৬% হলে ৪ মাসে হয় ২% = ৩৬০ হলে ১০০% = ১৮০০০]

৩৪. বার্ষিক ১০% সরল সুদে কত টাকা ৫ বছরে সুদে আসলে ৭৫০ টাকা হবে?

ক. ৩০০ টাকা

খ. ৫০০ টাকা

গ. ৪০০ টাকা

ঘ. ৪৫০ টাকা

উত্তর: খ

সমাধান:

আসল ১০০ ধরে ১০% হারে ৫ বছরের সুদাসল = $১০০ + (১০ \times ৫) = ১৫০$

সুদাসল ১৫০ টাকা হলে আসল = ১০০ টাকা

$$\therefore \text{সুদাসল } ১ \text{ টাকা হলে আসল} = \frac{১০০}{১৫০} \text{ টাকা।} \therefore \text{সুদাসল } ৭৫০ \text{ টাকা হলে আসল} = \frac{১০০ \times ৭৫০}{১৫০} \text{ টাকা} = ৫০০ \text{ টাকা।}$$

ইনসেসপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৮ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

৩৫. বার্ষিক ৫% হার সুদে কত টাকার দৈনিক সুদ ০.২০ টাকা হবে?

- ক. ১৩৫০ টাকা খ. ১৪৬০ টাকা গ. ১২৫০ টাকা ঘ. ১০০০ টাকা উত্তর: খ

সমাধান:

বাৎসরিক সুদ $০.২০ \times ৩৬৫ = ৭৩$ টাকা
এখন ৫ টাকা সুদ হয় যখন মূলধন = ১০০ টাকা

$$\therefore ১ \text{ " " " " " " " " } = \frac{১০০}{৫} \text{ " " " " " " " "}$$

$$\therefore ৭৩ \text{ " " " " " " " " } = \frac{১০০ \times ৭৩}{৫} \text{ " " " " " " " " } = ১৪৬০ \text{ টাকা}$$

৩৬. বার্ষিক ৪.৫% হার সুদে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা ৮২৬ টাকা হবে? [২০তম বিসিএস]

- ক. ৫৬০ খ. ৭০০ গ. ৮০০ ঘ. ৬৫০ উত্তর: খ

সমাধান:

আসল ১০০ হলে ৪.৫% হারে ৪ বছরের সুদাসল = $১০০ + (৪.৫ \times ৪) = ১১৮$
সুদাসল ১১৮ হলে আসল = ১০০ টাকা।

$$\therefore \text{ " " " " " " " " } = \frac{১০০ \times ৮২৬}{১১৮} = ৭০০ \text{ টাকা।}$$

৩৭. সুদের হার ৬.৫% হলে ১০০০ টাকা জমা দিয়ে ৬ বছর পরে সুদে -আসলে কত টাকা পাওয়া যাবে?

- ক. ১৩০৯ খ. ১৩৯০ গ. ৩১৯০ ঘ. ১০৩৯ উত্তর: খ

$$\text{সমাধান : } I = Pnr = \frac{১০০০ \times ৬ \times ৬.৫}{১০০} = ৩৯০ + ১০০০ = ১৩৯০ \text{ টাকা (উত্তর)}$$

৬.৫% হারে ১০০০ টাকার সুদ হবে ১০ গুণ বেশি অর্থাৎ ৬৫ টাকা

এখন ৬ বছরের সুদ $৬৫ \times ৬ = ৩৯০$ টাকা এবং সুদাসল = $১০০০ + ৩৯০ = ১৩৯০$ টাকা।

৩৮. বার্ষিক সুদের হার $\frac{৩}{৪}\%$ হলে, ১৪০০ টাকার ৮ বছরে সুদে -আসলে কত হবে?

- ক. ২১৬৫ খ. ২৫১৬ গ. ১২৫৬ ঘ. ২১৫৬ উত্তর: ঘ

সমাধান : এখানে $\frac{৩}{৪}\%$ কে ৬.৭৫% ধরে হিসেব করলে খুব দ্রুত হবে। $১৪০০ + ১৪ \times ৮ \times ৬.৭৫ = ২১৫৬$ ।

(১৪০০ এর নিচের ১০০ এর ০০ বাদ)

৩৯. সুদের হার ৭% থেকে কমে ৫% হলে এক ব্যক্তির আয় ৫ বছরে ৭০ টাকা কমে যায়, তার মূলধন কত?

- ক. ৫০০ খ. ৬০০ গ. ৬৫০ ঘ. ৭০০ উত্তর: ঘ

সমাধান:

এখানে ৫ বছরে ৭০ টাকা কমে গেলে ১ বছরে কমে যাবে $৭০ \div ৫ = ১৪$ টাকা।

আবার খেয়াল করুন, সুদের হার ৭% থেকে ৫% হয়ে যাওয়ায় সুদের হার কমে ২%।

২ টাকা কমলে মূলধন ১০০ টাকা

$$\therefore ১ \text{ টাকা কমলে মূলধন } \frac{১০০}{২} \text{ টাকা}$$

$$\therefore \text{ সুদ } ১৪ \text{ টাকা কমলে মূলধন হবে } \frac{১০০ \times ১৪}{২} \text{ টাকা।}$$

$$= ৭০০ \text{ টাকা।}$$

Shortcut

এখানে $২\% = ১৪$

৫ বছরে ১০% হলে ১ বছরে ২%

$\therefore ১০০\% = ৭০০$ টাকা।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ৯ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

৪০. বার্ষিক সুদের হার ৫% থেকে হ্রাস পেয়ে ৪% হওয়ায় সুদ ৩২০ টাকা কমে গেল। তার মূলধন কত ছিল?

ক. ৩০০০০ খ. ৩২০০০ গ. ৩৩০০০ ঘ. ৩৪০০০ উত্তর: খ

সমাধান : $৫ - ৪ = ১\% = ৩২০ \therefore ১০০\% = ৩২০০০$, ১ বছর প্রশ্নেই আছে তাই সরাসরি।

৪১. বার্ষিক সুদের হার ৫% থেকে হ্রাস পেয়ে $৪\frac{৩}{৪}\%$ হওয়ায় একব্যক্তির ৪০ টাকা আয় কমে গেল। তার মূলধন কত? [সাধারণিক

শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৯]

(ক) ১৬০০ টাকা (খ) ১৬০০০ টাকা (গ) ১৬০০০০ টাকা (ঘ) ১৬৫০০ টাকা উত্তর: খ

সমাধান:

$৪\frac{৩}{৪}\% = ৪.৭৫\%$ লেখা যায়। তাহলে $৫\% - ৪.৭৫\% = ০.২৫\%$ এর মান = ৪০ হলে $১০০\% = ১৬০০০$ টাকা।

চক্রবৃদ্ধি সুদ:

চক্রবৃদ্ধি সুদ হল সুদের সুদ। অর্থাৎ যখন কোন সুদ মূলধনের সাথে যুক্ত হয়ে যায় এবং সেই সুদের টাকাটিরও পুনরায় সুদ প্রদান করতে হয় তখন তাকে চক্রবৃদ্ধি সুদ বলে।

$$\text{সূত্র: চক্রবৃদ্ধি সুদাসল} = \text{মূলধন} \times \left(1 + \frac{\text{হার}}{১০০}\right)^{\text{বছর}}$$

৪২. ২০% যৌগিক মুনাফায় মূলধন ১০০০০ টাকা ২ বছরের জন্য বিনিয়োগ করা হলো। যদি যৌগিক মুনাফা অর্ধ বছর হিসেবে ধরা হয়, তাহলে চক্রবৃদ্ধি মূলধন কত?

(ক) 12^8 (খ) 11^4 (গ) ১০^4 (ঘ) ৯^4 উত্তর: খ

ব্যাখ্যা:

এখানে,

$$P = 10000;$$

$$n = (2 \times 2) = 4;$$

$$r = \frac{20}{2}\% = 10\% = \frac{10}{100} = 0.1$$

আমরা জানি,

$$\begin{aligned} \text{চক্রবৃদ্ধিসহ মূলধন} &= P \times (1 + r)^n = 10000 \times (1 + 0.1)^4 = 10000 \times (1.1)^4 \\ &= 10^4 \times (1.1)^4 = (10 \times 1.1)^4 = 11^4. \end{aligned}$$

৪৩. এক ব্যক্তি বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদে ৬০০ টাকা ব্যাংকে জমা রাখলেন। ২য় বছর শেষে ঐ ব্যক্তি সুদসহ কত টাকা পাবেন?

ক. ৭০০ খ. ৭২৬ গ. ৭২০ ঘ. ৮২৬ উত্তর: খ

সমাধান:

৬০০ এর ১১০% এর ১১০% (প্রথমবার ১০% সুদ আসলের সাথে যুক্ত হয়েছে তাই ১১০% আবার ২ বছর তাই দু বারই ১১০% লেখা হয়েছে।)

$$\text{বা } ৬০০ \times \frac{১১০}{১০০} \times \frac{১১০}{১০০} = ৬ \times ১১ \times ১১ = ৭২৬ \text{ টাকা}$$

সহজ করে ভাবুন:

৬০০ টাকায় প্রথম বছরের সুদ ৬০০ এর ১০% = ৬০ টাকা।

আবার শুধু আসল ৬০০ টাকার জন্য দ্বিতীয় বছরের পুনরায় সুদ ৬০ টাকা।

কিন্তু প্রথম বছরের সুদ ৬০ টাকার উপর ২য় বছর অতিরিক্ত সুদ দিতে হবে ৬০ এর ১০% = ৬ টাকা।

\therefore মোট সুদ $৬০ + ৬০ + ৬ = ১২৬$ টাকা।

\therefore সুদাসল $৬০০ + ১২৬ = ৭২৬$ টাকা।

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ১০ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

৪৪. এক ব্যক্তি ১০% হার চক্রবৃদ্ধি সুদে ব্যাংকে ১০০০ টাকা জমা রাখেন। ২য় বছরে সুদের হার বৃদ্ধি পেয়ে ১৫% হল। ২য় বছর শেষে ঐ ব্যক্তি সুদে-আসলে কত টাকা পাবেন?

ক. ১২৬৫

খ. ১২৬০

গ. ১৩৬৫

ঘ. ১২৭৫

উত্তর: ক

সমাধান: ১০০০ এর ১১০% এর ১১৫% = ১২৬৫

অথবা ১০০০ এর প্রথম বছরের সুদ = ১০০০ এর ১০% = ১০০

এবং ২য় বছরে আসল ১০০০ এর উপর সুদ ১০০০ এর ১৫% = ১৫০।

কিন্তু প্রথম বছরের সুদ ১০০ এর উপর ২য় বছরের সুদ ১০০ এর ১৫% = ১৫

মোট সুদ = ১০০ + ১৫০ + ১৫ = ২৬৫ টাকা।

২ বছর পর সুদাসল = ১০০০ + ২৬৫ = ১২৬৫ টাকা।

বছর	আসল	সুদ	সুদাসল
১	১০০০	১০০	১১০০
২	১১০০	১৬৫	১২৬৫

৪৫. বার্ষিক ১০% হার সুদে কত বছরে ৫০০০ টাকার চক্রবৃদ্ধি মূলধন ৬৬৫৫ টাকা হবে? [মাধ্যমিক শিক্ষক নিয়োগ-২০১৯]

(ক) ১ বছর

(খ) ২ বছর

(গ) $২\frac{১}{২}$ বছর

(ঘ) ৩ বছর

উত্তর: ঘ

সমাধান:

আমরা জানি, $C = P (1 + r)^n$

$$\Rightarrow 6655 = 5000 \left(1 + \frac{10}{100}\right)^n$$

$$\Rightarrow 6655 = 5000 \left(\frac{11}{10}\right)^n$$

$$\Rightarrow \left(\frac{11}{10}\right)^n = \frac{6655}{5000} \Rightarrow \left(\frac{11}{10}\right)^n = \left(\frac{11}{10}\right)^3$$

$$\therefore n = 3 \therefore 3 \text{ বছর।}$$

৫০০০ টাকার ১০% = ৫০০ টাকা। এভাবে ৩ বার নিলে মোট সুদ হয় ১৫০০ টাকা।
এখানে প্রথম বছরের ৫০০ টাকার পরের ২ বছরের সুদ = ৫০ + ৫০ = ১০০ টাকা
আবার ২য় বছরের ৫০০ + ৫০ টাকার ৩য় বছরের সুদ = ৫৫০ এর ১০% = ৫৫ টাকা।
মোট সুদ ১৫০০ + ১০০ + ৫৫ = ১৬৫৫ টাকা।
তাহলে দেখা যাচ্ছে ৩ বছর হলে মোট সুদ = ১৬৫৫ টাকা হয়।

৪৬. বার্ষিক শতকরা ১০ টাকা মুনাফায় ৩০০০ টাকার ২ বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত হবে?

ক. ৫০ টাকা

খ. ৩০ টাকা

গ. ৬০ টাকা

ঘ. ১০০ টাকা

উত্তর: খ

সমাধান:

সরল সুদ ১০% হারে ৩০০০ টাকার ১ বছরের সুদ ৩০০০ এর ১০% = ৩০০ টাকা

তাহলে দু বছরের হবে $৩০০ \times ২ = ৬০০$ টাকা।

চক্রবৃদ্ধির ক্ষেত্রে প্রথম বছরের সুদ ৩০০ টাকা এবং আসলের উপর ২য় বছরের সুদ আবার ৩০০।

কিন্তু প্রথম বছরের সুদের সুদ ৩০০ এর ১০% = ৩০ টাকা অতিরিক্ত।

তাহলে মোট সুদ = $৩০০ + ৩০০ + ৩০ = ৬৩০$ টাকা। পার্থক্য = $৬৩০ - ৬০০ = ৩০$ টাকা।

প্রথম বছরের সুদের উপর পরের বছর সুদ যা তা ই পার্থক্য। কারণ সরল সুদে শুধু আসলের সুদ আর চক্রবৃদ্ধিতে সুদের সুদ অতিরিক্ত পাওয়া যায়।

চক্রবৃদ্ধি মুনাফা					সরল মুনাফা	
বছর	আসল	সুদ	সুদাসল	মোট সুদ		
১	৩০০০	৩০০	৩৩০০	৩০০	$I = Pnr = ৩০০০ \times ১০\% \times ২ = ৬০০$ টাকা।	
২	৩৩০০	৩৩০	৩৬৩০	৬৩০	\therefore সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য = $৬৩০ - ৬০০$ টাকা = ৩০ টাকা।	

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক

৪৭. বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোন মূলধন কত বছর পরে সুদাসলে দ্বিগুণ হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]

ক. ৯ বছর খ. ১১ বছর গ. ১২ বছর ঘ. ১০ বছর উত্তর: ঘ

$$\text{সমাধান : বছর সংখ্যা} = \frac{১০০ \times (n \text{ গুণ} - ১)}{\text{সুদের হার}} = \frac{১০০ \times (২ - ১)}{১০} = ১০ \text{ বছর। (উত্তর)}$$

৪৮. বার্ষিক শতকরা ১০ টাকা হারে সুদে-আসলে কোনো মূলধন কত বছর পরে আসলের দ্বিগুণ হবে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

(ক) ৩৫ (খ) ২০ (গ) ১০ (ঘ) ৩০ উত্তর: গ

৪৯. শতকরা বার্ষিক কত হার সুদে কোন মূলধন ১০ বছরে সুদে মূলে তিনগুণ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

(ক) ২০% (খ) ১০% (গ) ১৫% (ঘ) ১২% উত্তর: ক

$$\text{সমাধান : সুদের হার} = \frac{১০০ \times (n \text{ গুণ} - ১)}{\text{বছর সংখ্যা}} = \frac{১০০ \times (৩ - ১)}{১০} = ২০\% \text{ (উত্তর)}$$

৫০. ৬০০ টাকার ৬ বছরের সরল সুদ ১৮০ টাকা হলে সরল সুদের হার কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫]

ক. ৫% খ. ১০% গ. ১২% ঘ. ১৭% উত্তর: ক

$$\text{সমাধান : } I = Pnr \text{ বা, } r = \frac{I \times ১০০}{Pn} = \frac{১৮০ \times ১০০}{৬০০ \times ৬} = ৫\% \text{ (উত্তর)}$$

৫১. শতকরা ৫ টাকা হার সুদে ১২০ টাকা ৩ বছরে সুদ-আসলে কত হবে? [প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৬]

ক. ১৩৮ টাকা খ. ১৩৭.৫ টাকা গ. ১৪৮ টাকা ঘ. ১৩৫ টাকা উ- ক

$$\text{সমাধান : } I = Pnr = ১২০ \times ৩ \times \frac{৫}{১০০} = ১৮ \text{ টাকা} + ১২০ \text{ টাকা} = ১৩৮ \text{ টাকা (উত্তর)}$$

৫২. বার্ষিক ১০% মুনাফায় ৮০০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন হবে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

(ক) ১০৮৫০ টাকা (খ) ১৫৫০০ টাকা (গ) ১০৬৮০ টাকা (ঘ) ১০৬৪৮ টাকা উত্তর: ঘ

সমাধান :

বছর	আসল	সুদ	সুদাসল	মোট সুদ
১	৮০০০	৮০০	৮৮০০	৮০০
২	৮৮০০	৮৮০	৯৬৮০	১৯৮০
৩	৯৬৮০	৯৬৮	১০৬৪৮	২৬৪৮

৫৩. ৮% সরল মুনাফায় ৬০০০ টাকা বিনিয়োগে ৫ বছরে যে মুনাফা হয়, কোন সরল হারে বিনিয়োগে ১০০০০ টাকায় ৩ বছরে ঐ মুনাফা হবে?

[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

(ক) ০.০৯ (খ) ০.০৮ (গ) ০.১ (ঘ) ০.১২ উত্তর: খ

$$\text{ব্যাখ্যা : } ৮\% \text{ সরল মুনাফায় } ৬০০০ \text{ টাকা বিনিয়োগে } ৫ \text{ বছরে মুনাফা, } I = pnr = \frac{৬০০০ \times ৫ \times ৮}{১০০} = ২৪০০ \text{ টাকা।}$$

ধরি,

সরল মুনাফার হার = r

$$\text{ATQ, } ২৪০০ = \frac{১০০০০ \times ৩ \times r}{১০০} \text{ বা, } ৩০০r = ২৪০০ \text{ বা, } r = \frac{২৪০০}{৩০০} \text{ অতএব, } r = ৮\% \text{ বা } ০.০৮। \text{ (উত্তর)}$$

৫৪. বার্ষিক ১৫% মুনাফায় কোনো ব্যাংক থেকে কিছু টাকা নিয়ে এক বছর পর ১৬৮০ টাকা মুনাফা দেয়া হলো। আসল কত ছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]

(ক) ১২২০০ টাকা (খ) ১১২০০ টাকা (গ) ১০২০০ টাকা (ঘ) ১৩২০০ টাকা উত্তর: খ

$$\text{ব্যাখ্যা : } I = Pnr \text{ বা, } P = \frac{১৬৮০ \times ১০০}{১৫} = ১১২০০ \text{ টাকা। (উত্তর)}$$

ইনসেপশন ডাইজেস্ট (গাণিতিক যুক্তি) # ১২ # সরল ও যৌগিক মুনাফা (টপিকভিত্তিক জব সলিউশন : বিসিএস ও প্রাইমারি)

৫৫. শতকরা বার্ষিক কত হার সুদে ৭৫০ টাকায় ২ বছরের সুদ ২১০ টাকা? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার- ২০১১]

- (ক) ১৪% (খ) ১০% (গ) ১৫% (ঘ) ১৩% উত্তর: ক

ব্যাখ্যা: $I = Pnr$ বা, $r = \frac{I \times 100}{Pn}$ বা, $r = \frac{210 \times 100}{950 \times 2} = 11\%$ (উত্তর)

৫৬. বার্ষিক ১০% মুনাফায় ৮০০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন হবে- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার- ২০১২]

- (ক) ১০৬৮০ টাকা (খ) ১০৮৫০ টাকা (গ) ১৫৫০০ টাকা (ঘ) ১০৬৪৮ টাকা উত্তর: ঘ

ব্যাখ্যা:

৮০০০ টাকা এর $\frac{১০}{১০০}$	৮০০ টাকা			
	৮৮০০ টাকা এর $\frac{১০}{১০০}$	৮৮০ টাকা	প্রথম বছর	
		৯৬৮০ টাকা এর $\frac{১০}{১০০}$	৯৬৮ টাকা	দ্বিতীয় বছর
			১০৬৪৮ টাকা	তৃতীয় বছর
			(উত্তর)	

৫৭. এক ব্যক্তি বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদে ৬০০ টাকা ব্যাংকে জমা রাখলেন। ২য় বছর শেষে ঐ ব্যক্তি সুদসহ কত টাকা পাবেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার- ২০১২]

- (ক) ৭২৭ টাকা (খ) ৭৩০ টাকা (গ) ৭২৫ টাকা (ঘ) ৭২৬ টাকা উত্তর: ঘ

সমাধান:

বছর	আসল	সুদ	সুদাসল	মোট সুদ
১	৬০০	৬০	৬৬০	৬০
২	৬৬০	৬৬	৭২৬	১২৬

৫৮. একই হার ও মুনাফায় কোনো আসল ৬ বছরে মুনাফা আসলে দিগুণ হলে, কত বছরে তা মুনাফা-আসলে তিনগুণ হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার- ২০১১]

- (ক) ১০ বছর (খ) ১২ বছর (গ) ১৩ বছর (ঘ) ১৪ বছর উত্তর: খ

